

# UTSAB

# উৎসব

ঈদ বিশেষ সংখ্যা ২০১৭

*Eid Special Edition 2017*

"আকাশ ভরা সূর্য তারা বিশ্ব ভরা প্রাণ"

><>< প্রাণের আনন্দে আজ মেতে উঠি উৎসবে ><><

# উৎসব

## ঈদ বিশেষ সংখ্যা - ২০১৭

: এ সংখ্যায় থাকছে :


উৎসব সম্পাদকীয় 4

ছোটদের লেখা - Kids’ writings

| | | |
|---|---|---|
| Salazar Wreck | Raisa | 8 |
| Life Changer | Aymaan | 10 |
| Was the Moon Landing Faked | Abrar | 13 |
| Life Saving Tips | Sahil | 16 |

বড়দের লেখা - Letters from NE families

| | | |
|---|---|---|
| ঈদ | মাহিন খান | 20 |
| ভালো বন্ধু....ও বন্ধুত্ব | মাহিন খান | 21 |
| সকাল | মাহবুবুর রহমান টিটো | 22 |
| হেমন্তের রাত | মাহবুবুর রহমান টিটো | 22 |
| নির্জিত শ্রীময়ী | মাহবুবুর রহমান টিটো | 23 |
| Wedding Tips | Fahmeda A.-Hussain | 24 |
| কাছের মানুষ দুরের কথা | পাপড়ীন নাহার | 29 |
| Time Traveller’s Guide | Mueedul Islam | 31 |
| Living with Diabetes | Kazi Shahadat | 36 |
| Trees and Flowers | Tarique Hossain | 40 |
| একজন সালামাতুল্লাহ | সোনিয়া আহমেদ | 44 |


UTSAB

## দেশের লেখা - Letters from Bangladesh


| | | |
|---|---|---|
| ফেসবুক ভাবনা | যোবায়েদ আহসান | 50 |
| মানুষ | সৈয়দা মকসুদা হালিম | 60 |
| আবর্তন | সুমন সরদার | 70 |
| আটপৌরে ভালোবাসা | নিয়াজ তামান্না কান্তা | 72 |
| অনির্বান যুদ্ধ | নিয়াজ তামান্না কান্তা | 73 |
| | | |
| এই সংখ্যার পৃষ্ঠপোষক | বিভিন্ন | 76 |
| বন্ধু সংস্থা | বিভিন্ন | 81 |



স্বর্গ হইতে জননী তোমার পেতেছেন নামি মাটিতে কোল,
শ্যামল শস্যে হরিৎ ধান্যে বিছানো তাঁহারই শ্যাম আঁচল।
তাঁহারি স্নেহের করুণ গন্ধ নবান্নে ভরি উঠিছে ঐ,
নদীস্রোত-স্বরে কাঁদিছেন মাতা, 'কই রে আমার দুলাল কই?'
স্বাগত ফরিদপুরের ফরিদ, মাদারিপুরের মর্দবীর,
বাংলা-মায়ের বুকের মানিক, মিলন পদ্মা-ভাগীরথীর!

## উৎসব সম্পাদকীয় – Message from UTSAB

*Share our similarities, celebrate our differences* – M Scott Peck

North East of the UK is home to many Bangladeshi singles and families. Many of us have settled here for generations, while others have recently emigrated from different places around the world. Our profession, coupled with our personal beliefs have given us disparate pathways in our lives. However, our innermost identity remains underpinned by a common cultural pride. Core to this pride is the rich history of our language, Bangla. It is a language that had seen famous sacrifices, unlike any other, and had inspired many famous creations over the years in the form of music, poetry and other literary works.

UTSAB is a new initiative taken by a few families here in the North East to celebrate this rich cultural heritage. Our celebrations will reach out for mitigating differences in generations. We aim to mark the major Bangladeshi and Bangla events transpiring throughout the year, including National Independence Day, International Mother Language Day, Pohela Boishakh, Eid, Rabindra Jayanti, Nazrul Jayanti and Lalon Festival. We aim to also publish our eclectic thoughts in the form of magazines during these events.

This edition for UTSAB magazine is the second of our many publications. As such, it has a unique trendsetting value. The team worked so very hard to ensure that we have some high quality contributions. We are truly inspired by the enthusiasm

shown by families. We hope this will continue, and potentially grow in the days to come.

The UTSAB committee would like to gratefully acknowledge the support it received from our sponsors and friend organisations. We will work towards setting up high quality collaborations with you in future, as well.

We had been very fortunate this year to receive generous funding from the Big Lottery Fund UK. The funding will be used to support our community activities. Our ongoing efforts of setting up these activities include three free Bangla music lessons for local families in Nov-Dec 2017, and a free well-being workshop in Nov 2017. The music lessons and workshops will be organised by our able executive members, with support from experts in relevant fields. In the near future, we also aim to hold outdoor educational excursions in places of national heritage significance for local families, and celebrate the Bangla new year, *Boishakhi*.

We are an active and a forward-looking cultural society. We will very much appreciate if you have any feedback or comments on this magazine. Please write to ras06r@zepler.net, should you have any such thoughts.

Wishing everyone a very happy and blissful Eid.

Rishad Shafik on behalf of ***UTSAB***

www.utsab.uk



# ছোটদের লেখা

## Kids' Writings

# Salazar Wreck

**Raisa** – from Gateshead

It was as dry as a draught. Sunlight beat down on me, mocking me with its powerful rays of blinding light. Had my family been here with me, they would have said it was brilliant weather for a change, especially at the start of winter. But alone, as I was now, I shed doubt. I had been drowsing for the last few hours outside, and as I opened my eyes, the sun had started with a vengeance.

All of a sudden, I began to wish that dark had fallen already; but no, the sun continued its proud march on the dour ground. It sneered shamelessly at me, celebrating victory over who knows what? I was surrounded by clusters of trees and plants, that were visibly unfeeling for me. I sat solitarily under the shade of a huge oak tree, as the only animate being in this world - or so I had thought, for nothing could prepare me for the sight ahead.

It could have been nothing, it would have been nothing, if I hadn't let my curiosity get the better of me. Subtle as it was, it had haunted me for as long as I can remember since what had happened under the oak that day. But tales are to be told, and I must tell you what I saw:

The shade of the oak provided a good barrier from the sun, which should be, but was not such a relief to me, for being alone with only blinding light and dark shade to turn to did not make matters better. So I sat there pondering how to get home when, in the slightest, I heard a rustle...

It could have stopped there and then, and I would have just

assumed it was an animal, as you or I would normally do. But instead of doing so, I stood up and looked around me. Little did I know that that was my biggest mistake, that I shouldn't have paid such heed to the noise. I shouldn't have!

Sun had now only become more of a threat to me, for glaring its rays at the ground below my feet. "If there is no light without darkness," I thought to myself, "Then the darkest turns of my fate hide in the light...".

More rustling.The crack of a twig. I could sense the cool breath of terror upon my neck. A dark figure stood in front of me, in a hooded, black cloak: its face was covered in scars so ghastly one would never trust their eyes again. Most of its face and neck was covered with vicious, untamed hair. Who - or what - was this, and what did it want but to force agony upon me? Then, my worst experience got - well, what can I say - worse.

Its parchment-dry mouth broke into a twisted grimace and it was gone as quickly as it came, forever entwined into my memory and woven with fantasy and fear. I could just say it was my imagination and I must have been wrong, but I remember it all clearly and have no doubt that the figure had stood in that very corner and was as real as I, though not possibly as mortal. "Ambiguity. Salazar Wreck."

---

[*author*: Raisa is 12 years old. She is in year 8, studying in St Thomas More Catholic Secondary School in Blaydon. She is the elder daughter of Dr Rishad Shafik and Dr Sonia Ahmed. Raisa likes to read various books; her favourite ones are those of fantasy and fiction. She occasionally likes to write as well. Raisa wants to be scientist when she grows up.]

---

# Life Changer

## **Aymaan Hassan** – from Birmingham

### *The beginning*

When I was 8 years old in Newcastle I was just living my normal life. But one day while I was walking past the dining room, I heard my mum whispering to my brother, "We're going to move to Birmingham." I then charged into the room and started screaming, "WHYYYYYYYYYYYYYYYYY!" But it was final. I was begging my parents for hours and hours, but there was no hope. We were moving.

### *My Feelings*

I was so sad but I guess life is tough right? I was also noted that we were going to Bangladesh for 2 weeks and I was really excited to see my family again, after YEARS! After a few months of deciding and packing to move, the day had come. August the 2nd 2016. My heart was obliterated. I couldn't do anything. I was hopeless, I had to wake up around 6 am on the day, packing our last few things before the moving truck came. One thing that did cheer me up was on the last day everyone in Year 3 made a card for me with a message. I was very grateful to have such good buddies to play with every day.

### *All My Friends are my Best Friends*

My friends were always good and helped me whenever I needed it. The moving was tough, I lost all my best friends in and out of school. I barely get to see my out of school friends and I haven't seen my school friends since. Another thing that was good is that from Newcastle to Wolverhampton (where my

cousins live) it was about a 3 to 4-hour drive. But now the drive to Birmingham to Wolverhampton is about 45 minutes. For the first 2 months or so, our cousins had to come to our house most days, to come help us unpack and give us food to eat until we settled in.

### *The Family in Newcastle*

I had many, many, many good friends and family in Newcastle and I loved them all so much, as they were always there for me no matter what. They were all good people, kind-hearted on the inside and they were all funny. We had endless fun until this sad moment. My best friend is Sahil, who I've always trusted and will never forget. I still want to thank you all for being such great friends in the years I've lived in Newcastle. This was all because of you guys, you're the ones who inspired me to write this to share my feelings and what it was like to move to Birmingham!

### *The New School*

It was hard to find a new school. The school I was put into was called "Chad Vale Primary School". Obviously, when I got to the school I was feeling apprehensive and anxious and was worrying if the teachers and children are nice and that this was a warm family all together. As soon as I got in I was kind of surprised. The teacher didn't even know a new student was coming. My first seat was next to a person called Daniel Maghadam and is still now my current best friend and what was funny is that we had the same coats! I also made some other friends up with Daniel, Gurjeevan, VIvek and Aaron. Every playtime/lunchtime we always used to play tag and still sometimes do. As time passed I made lots of new friends who

I still play with now. I never get upset because my friends are always there for me! The lunch menu has a variety of different foods and drinks in my old school Benton Park, I had to have packed lunches every day because our school dinners were that bad.

***The end***

Anyways this is how my life started when I first moved to Birmingham. I do obviously miss Newcastle and it's still my favourite, but Birmingham is a nice place in general.

---

[*author*: Aymaan is 9 years old. He is in year 4, studying in Birtmingham. He is the second son of Dr. Faizul Hassan and Dr. Afsana Anwar. Aymaan is a big fan of mobile games, which can be tricky especially with parents around. When he grows up, he wants to be a doctor.]

---

# Was The Moon Landing Faked?

## **Abrar Hassan** – from Birmingham

I know what you're thinking – *"Of course it wasn't faked you dimwit!"* Well, I guess it is time that someone sheds some light onto this situation. I am going to bring out facts and figures to truly debate whether or not the famous Moon Landing, where "*humanity took a big leap"* actually took place, or if it was a hoax hiding in plain sight in the midst of the Cold War.

**Context**

The first, very obvious, place to begin is investigating the context of the supposed Moon Landing. The first manned-mission to the moon was *Apollo 11*. The supposed Moon Landing had occurred on July the 20$^{th}$, which really does spark some interest. We need to understand that this time period was the *Great Space Race* between the United States and the Soviet Union. Both nations were desperate to show off their power, whether it be in bulky nuclear warheads or who could invade the most countries the quickest, it was all out bully war that actually involved no direct fighting. This was, indeed, the *Cold War*.

And yes, you guessed it. Both nations were desperate to also show off their space arsenal. Unfortunately, this did not go so well for the Americans in this aspect. The Soviet Union had managed to send the first satellite and man into space, while the Americans were lagging behind.

**Americans VS Soviets**


This is where our first doubts come in to whether the moon landing was really faked or not. 1969 was the year *Apollo 11* had

landed, but it was also during the height of the *Cold War.* With America's pride on the line, it was very possible that the American Government staged the Moon Landing to *"stick up the middle finger"* at the Soviets, and claim possibly one of greatest achievements humankind could achieve.


**The Mystery Flag**

Another strong argument for the hoax is one that has really caught NASA and other Government Space Agencies off. In the original video of the Moon Landing, there is a very peculiar detail that caught the eye of hundreds of attentive analysts. During this video, the American flag can be seen waving once it was placed on the ground. Ok, you may be thinking - *"Well isn't that what flags do, wave?".* I must say that you are a 100% correct, but unfortunately this rule only applies on Earth, where there is wind. On the Moon there is literally *no* wind, making it impossible for the American flag to be waving in shape or sort. Another intruding detail is that there seems to be no apparent shadow for the flag, suggesting that the whole picture may have been computer generated.

*As you can see, the American flag is waving in an atmosphere with no winds. Its shadow cannot be seen either.*



## Quite The Clear Sky



Another fact that NASA has still failed to give an answer to is the fact that there are no stars in the sky. For a universe with literally trillions of stars, it is virtually impossible for you to look in the sky from another planet and not see anything else.



As you can see in the image above and images shown below, the sky is a deep black, with no stars. This suggests that whatever craft photo-editor NASA hired forgot to include the stars.

So, what are your thoughts on the Moon Landing? A myth, or the biggest leap humanity has taken. You can look further yourself:

**http://tinyurl.com/y9hc7pfq**

---

[*author*: Abrar is 15 years old. He is in year 10, studying in Birtmingham. He is the first son of Dr. Faizul Hassan and Dr. Afsana Anwar. Abrar is a pragmatist, which comes in handy specially when he has to present evidences with his unique style of articulation. Abrar wants to be a doctor. He is also a very good chess player.]

---

## 5 tips to save your life in life threatening situations!

**Sahil Abedin –** *from Gateshead*

*No.1 NEVER pull a knife Out from a stab wound!*

Unless a doctor with a medical licence has pulled it out himself, and deemed it ready to pull out, pulling it out can prove to be more damaging than leaving it in the wound!

*N*o.2 What to do when trapped in a rip current

A rip current is a very strong current which pulls away from the sea shore, and is distinguishable by it being a different colour to the normal sea water. If you get trapped in one, DO NOT swim directly to shore; you won't be able to fight the current, and you will get pulled to sea. Try to swim diagonal or parallel to the shore, and once your out of the current, swim to shore.

*No.3 If some one is choking...*

If it's a teen or adult:
*Pat on back 5 times
*Push down on the chest from back 5 times
*Reapet step on and two until the object comes out

If it's a infant or baby:
*Pat on back 5 times
*Press on chest gently 5 times
*Reapet until object comes out

*No.4 How to get out of a falling elevator alive!*

*Lie on back
*Put one hand behind your head to protect your head from the fall
*Put one hand over your eyes to protect your head from falling debris

*No.5 If your drowning...*

1. DO NOT panic and try to swim; your muscles will seize up from cold water shock
2. Span out your body like a star until you float to the surface of the water
3. Let the cold water shock disappear, THEN swim to shore.

---


[*author*: Sahil is 11 years old. He is in year 7, studying in Emmanuel College in Gateshead. He is the only son of Barrister Jalal Uddin and Ms Lata Kazi. Sahil is a confident young person, who likes to perform when there is an opportunity presented. His passion for music in contagious, so is his dancing skill. He wants to be a lawyer when he grows up.]

---



Art enables us to find ourselves and lose ourselves at the same time

*Thomas Merton*



# বড়দের লেখা

## Letters from NE Families

# ঈদ

**মাহিন খান**  - হার্টলপুল থেকে

ঈদ আসে ঈদ যায়.
কিন্তু ছেলেবেলার সেই ঈদ এর আনন্দ র
সাথে , এখন কার ঈদ উত্সব এর কত তফাত....
ছোট বেলায় বড় বোনদের হাতে সেজেগুজে
পাড়ার বান্ধবী দের সাথে ,সময় কাটানো ,
ছিলনা কোনো দায়িত্ব,
ছিল শুধুই আনন্দে সময় কাটানো...
সে যে কি এক ভালো লাগা !
তা কি আর বলে বোঝানো যায়??

# ভালো বন্ধু....ও বন্ধুত্ব

**মাহিন খান** - হার্টলপুল থেকে

আমার কাছে ভালো বন্ধু ,
শুধু ,জ্ঞান দান এর ক্ষেত্রেই নয় ,
বরং, এমন কেউ , যার কাছে
যখন মন চাইবে, বিনা দ্বিধায়
তার কাছে যেতে পারি ,
নিজের মন এর ভালো
লাগা , মন্দ লাগা ও মনের ইচ্ছে গুলো
অবলীলায় প্রকাশ করতে পারি ,
এবং সে ও আমাকে সেই ভাবে আপন ভাবতে পারে..
যে সম্পর্কে থাকবে না কোনো প্রশ্ন র পর প্রশ্ন...
সেই তো ভালো বন্ধু,
যার কথা ,মনে পড়লে,

হাজার মাইল দূরে থেকেও,
তার জন্য মন আবেগলুপ্ত হয়ে ওঠে,
চোখের পাতা অশ্রুসজল
হয়ে ওঠে...
সুখ ,দুঃখের সময় ,
যার কথা,
যে বন্ধুর কথা মনে পড়লে,
না জানি কত কথা ,ও মনের অনুভূতি গুলো
মন এর অজান্তেই কখন যে সেই বন্ধুর সাথে
ভাগাভাগি হয়ে যায়...
তাকেই তো আমার বন্ধু বলে ভাবি ,
আছে আমার এমনি কজন বন্ধু,
বয়সে ,ছোট, বড়ো, সমবয়সী,
যারা জ্ঞান,বুদ্ধি,আদর ও ভালোবাসায়
আমায় ভরিয়ে রাখে.
যাদের ভালোবাসি , ভরসা করি..
আর ,তাকেই আমি বলি ,
আমার ভালো বন্ধু ও বন্ধুত্ব......💐🌺

---

[*author*: Mrs Mahin Khan is a philanthropist and musician. She loves travelling and has travelled around many places over the years. She loves writing about the experiences she gathers from these travels. She is also very well known for her savvy cooking and presentation skills. Further, she is a trained musician, formerly also a regular radio performer. Her musical skills come in very handy when families get together for a purely musical evening. Mrs Khan is wife of a perfect gentleman, popularly known as *Zhinoo bhai*, and mother of a beautiful daughter, who lives in London.]

---

# সকাল

**মাহবুবুর রহমান টিটো** - নিউক্যাসেল থেকে

ঘুম ভেঙে দেখি তুমি দিগন্তে দাঁড়িয়ে
সবুজ পল্লবের সমস্ত আভরণ হারিয়ে
গায়ে তেজ-হীন বিবর্ণ রবির মিষ্টি আদর
তখনও নিস্তব্ধ পল্লীর গায়ে কুয়াশার চাদর
হিম-বৈরী আবহ অতিক্রম করে
গাছিরা খেজুর গাছের রস আহরণ করে।

ধূসর ফিকে আলোয় ম্রিয়মাণ পল্লী কুটীর থেকে
আগুনের লোহিত বিচ্ছুরণ আর মাটির সাথে
মিশে যাওয়া ভাপা পিঠার গন্ধ হিমেল বাতাসে
এক ঝাঁক পরিযায়ী পাখী উড়ে যায় আকাশে
গানের পাখী বউ কথা কও নেই আশেপাশে
তুমি এমন এক সকাল
আমি নিশ্চিত জানি শীতকাল।

নিউক্যাসেল, ০৬/০৭/২০১৭

# হেমন্তের রাত

**মাহবুবুর রহমান টিটো** - নিউক্যাসেল থেকে

বিকেলের নরম রাঙা সূর্য ধীরে ডুবে যায়
জ্যোৎস্নায়, আকাশে কৃত্তিকা অস্পষ্ট প্রভা ছড়ায়
লক্ষ্মীপেঁচার দৃষ্টি এড়িয়ে তুমি যখন এলে
চিরহরিৎ ক্রান্তীয় কামিনী সুবাস ছড়ায়।

দূর আকাশের আর্দ্রার কোমল আলোয়
মৃদু কুয়াশার আড়ালে তুমি যখন এলে
শাখান্তে মধুগন্ধী আকাশমল্লি দোলে
তোমার যাবার কালে ভোরের আগেই তা ঝরে পড়ে।

সোনালী ধানের মাঠ, কোলাহল হয়েছে রিক্ত
তখন ধূসর শূন্য মেঠোপথে মন-প্রাণ তিক্ত
বনবীথি, আকাশমল্লি পত্র চ্যুত
কেবল আকাশ হেমন্ত-লোহিত।

নিউক্যাসেল, ০৫/০১/২০১৭

# নির্জিত শ্রীময়ী

**মাহবুবুর রহমান টিটো** - নিউক্যাসেল থেকে

নিদাঘ মধ্যাহ্নের প্রখর তাপে
নির্জলা অধর যদি নীরবে কাঁপে
বুঝে নিও, অনাদ্র দু'চোখে
অতীত-আর্তির কিছু কণা পড়ে আছে।

স্বপ্নালু রাতের বিষণ্ণ তিমিরে
নিঘাত আবেগ যদি নীরবে কাঁদায়
বুঝে নিও, হিমশৈল হয়ে
নীলাভ কিছু অশ্রু জমে আছে হিয়ায়।

অতনুর নিগূঢ় অণুভা প্রবাহে
নিমীলন দৃষ্টি যদি নগ্নকান্তি খোঁজে
বুঝে নিও, নিঃসঙ্গ প্রহরে
নিদ্রোত্থিতা শ্রীময়ী প্রতীক্ষায় আছে নির্জিত হয়ে।

নিউক্যাসেল, ২২/০৯/২০১৭

---

[*author*: Mr Mahbubur Rahman Tito is a contemporary poet, writer, lyricist and philosopher, currently living in Newcastle upon Tyne. His magical touch with lyrics and music have created many medlogious tunes. Formerly a Professor of Shahjalal University of Science and Technology (SUST, Bangladesh), Mr Rahman is also a savvy technology developer, with particular interests in making electronic gadgets. He is an alumnus of Newcastle University. He is father of two very talented sons, one currently studying electronic engineering at Newcastle University, and the other one studying at Emmanuel College in Gateshead. He and his wife, popularly known as *Rima*, regularly contribute in various community activities.]

---


*A Wedding Blog*

# Top Tips for every Bride to Be and Family, planning the wedding of the year

**Fahmeda Ahmed-Hussain** - নিউক্যাসেল থেকে

Just recently got engaged? You'll probably still be riding on the high of the congratulatory messages, your new sparkler and then comes all the questions from family and friends about how the big day is going to go. It can all get very overwhelming, very quickly as you soon start to realise there's actually a lot to do. However, there really is no need to be worried, as a recent bride myself, here's my advice on where to start your asian wedding planning.

**Take it all in!**




It's so so important to absolutely cherish this day and place it on the pedestal it deserves. From here on now it's time to dedicate some of that precious time that we all don't have

much of, to this day. Document your lead up to the day, start your research, buy a notebook and grab your friends and pen!

## Guestimates

Numbers are a big deal when it comes to wedding planning, in every sense of the word. Sit down with your joint families to discuss the number of guests, this will give you a good idea of what sort of venue you should be looking out for and your budgets.

## Venues and Budgets



Now that you know rough numbers to work to you can start contacting wedding venues with capacity and understand how their pricing structures work, this will give you insight into how much budget you will need. The venue will most likely be your largest expense for the wedding so it's important to capture every detail, inclusions, exclusions. Google sheets is a great tool to start jotting down your venues and all their details, you

can share the document with family and friends too so everyone is in the loop on all things your venue has to offer.

**Vision**

Give yourself some time to really think about how you want the day to look, before you book anything, as this can impact what your venue can or can't deliver and will also arm you a list of questions to ask your suppliers. Pinterest is great way to start researching wedding ideas and creating mood boards which again you can share with your fiance, family and friends, plus they can contribute too.



**Budgets**

We've gone back to budgets again and it's because it really is one the most important aspects of a wedding. Before you know it, costs can very quickly escalate and you'll be paying for things you didn't even realise you needed. Most weddings don't always stick to the original budgets set out from the start and that's ok but you do need to be on top of it. Start a budget

tracker, Google sheets again, to keep on track of suppliers, costs and timings. You'll end up with a huge list of suppliers who will all require different types of payments on different dates, so this will be a great way to ensure everyone gets paid on time and for the correct services.

**The outfit**

This really does come down to personal taste and it's true what they say, you'll know when it's the one! Once you've found your dream outfit, try to keep it a surprise and don't show too many people! Remember, all eyes are on you on the day and you want to wow them with your entire look.

**Enjoy!**

I can't stress this one enough! Try to enjoy this wedding planning journey rather than get stressed by it. You will have moments without a doubt but focus in on the importance of the big day and share/rant to your nearest and dearest and you'll soon be back on track again!

---

[*author*: Ms Fahmeda Ahmed-Hussain is one of our newest family members, married to Dr. Syed Farhan Hussain earlier this year. Ms Fahmeda moved to the North East UK after a series of gorgeous and festive wedding programmes and receptions. She is originally from Birmingham, where her parents and siblings live locally. While in Birmingham, she used to work in HSBC. Recently, she has been working as a manager of a reputable company, situated near Gosforth. Ms Fahmeda is a passionate blogger and writer, and loves travelling.]

---

# কাছের মানুষ দুরের কথা

**পাপড়ীন নাহার** - কারলাইল থেকে

আমাদের নৈমত্তিকতায় আশেপাশের বিশেষ মানুষগুলো অজান্তেই কেমন আটপৌরে হয়ে ওঠে অনেকসময়। তারা আর 'বিশেষ' মানুষ থাকেন না। অথচ তাদের 'বিশেষত্ব' নিঃসন্দেহে আলোচনার দাবী রাখে বিবিধ কারনে। যেমন ধরা যাক, আমাদের নিকটতম প্রতিবেশী এবং ঘনিষ্ঠ বন্ধু পেশায় চিকিৎসক সদাহাস্যময় বন্ধুসুলভ যাকে আমার লিপি আপা বলেই চিনি। তবে তার পরিচয় এখানে সীমাবদ্ধ করে দেয়া অনুচিত , কারন ঐ যে শুরুতে বিশেষত্বের কথা বলছিলাম। তার সব বলা হলেও আরেকটি বিশেষ পরিচয়ের কথা বলা এবং বিশেষভাবে বলা প্রয়োজন বোধ করছি ইতিহাসের প্রতি দায়বদ্ধতার কারনেই।

আমাদের অনেকেরই জানা যে তিনি বাংলাদেশের যুদ্ধকালীন সময়ের প্রথম প্রেসিডেন্ট, ১৯৭৫ এর জেলহত্যার শিকার সৈয়দ নজরুল ইসলামের কন্যা। কিন্তু আমার জানার আগ্রহ তার পরবর্তী সময়টির ব্যাপারে। সমাজ গবেষনা আমার পেশার অংশ, সেই সুত্রে জানি যে ইতিহাস অধ্যয়নের একটা অন্যতম পদ্ধতি 'ওরাল হিষ্ট্রি' বা কথ্য ইতিহাস। ইতিহাসে বড় বড় বিষয় বা ঘটনা, বড় বড় ব্যাক্তিকে উদ্দেশ্যে করে লেখা হয় কিন্তু অন্তরালে চাপা পরে যায় ছোট ছোট নানা কথা ডকুমেন্টেশনের অভাবে। সেকারনেই ইতিহাসের তথ্য আহরনের এই বিশেষ পদ্ধতির উদ্ভব।

লিপি আপার সাথে পরিচয়ের পর থেকেই আমি ভাবছিলাম তিনি আর তার মতো অভিজ্ঞতার ভেতর দিয়ে যারা গেছেন তাদের কাছ থেকে পচাত্তরের পরবর্তী সেই সময়ের কথ্য ইতিহাসটা সংগ্রহ করব। তবে সেই সুযোগ এখনও হয়ে ওঠেনি। যাহোক, তার সঙ্গে ঘরোয়া আলাপে উঠে আসা দুটি ঘটনা এখানে মনে পড়ছে। একদিন গল্পের ছলে লিপি আপা বলছিলেন তখন ময়মনসিংহে থাকেন তারা। সম্ভবত ১৯৭০ সাল, যুদ্ধের আগের কথা। তখন নির্বাচনের সময়। টাঙ্গাইলের মধুপুরের শালবনের ভেতর কোন এক গেষ্ট হাউসে আওয়ামী লীগের গোপন এক মিটিং হবে। ছোট্ট লিপি শুধু জানে যে তার বাবার নেতা আসবে। বাবার নেতা মানে শেখ মুজিব। আর সেই নেতা এলে তার মা, নাফিসা ইসলাম টিফিন কেরিয়ারে নেতার পছন্দের নানা খাবার রান্না করে তাদের দুই বোনকে নিয়ে রওনা দেন বাবার সাথে ট্রেনে বা জীপে চেপে। তারপর আপ্যায়ন করেন বাবার নেতা আর তার পরিবারকে। বনের ভেতরের গেষ্ট হাউজে তার বাবা সৈয়দ নজরুল ইসলাম আর শেখ মুজিব সহ আরো কিছু ঘনিষ্ঠ নেতারা মিটিং করছেন। এসেছেন শেখ মুজিবের স্ত্রী বেগম ফজিলাতুন্নেসা আর তাদের ছোট ছেলে শেখ রাসেল। সেদিনের সেই মিটিং এ বাংলাদেশের ইতিহাসের ক্রান্তিকালের কোন কোন গুরুত্বপুর্ন সিদ্ধান্ত হয়েছিলো তা লিপি জানে না। তবে লিপির যা মনে আছে সেটিও ইতিহাসের ছোট্ট একটা অংশ। তার মুখেই শোনা যাক:

'বড়রা সবাই যখন ভেতরে মিটিং করছে তখন আমি , আমার বোন রুপা আর শেখ রাসেল বাইরে খেলছি। আমরা তখন বাংলাদেশের স্বাধীনতা এসব তো কিছুই বুঝি না। আমরা গেছি ময়মনসিংহ থেকে আর রাসেল এসেছে ঢাকা থেকে। রাসেল আমারই বয়সী। আমাদের সেই খেলার পরিসরে সে তখন নেতা হয়ে ওঠে। জঙ্গল থেকে দুটা গাছের ডাল যোগাড় করে আমার আর রুপার হাতে দেয় এবং সে নিজেও একটা ডাল নেয় । সেই গাছের ডালের আগায় পুরনো কাগজ লাগায়। তারপর বলে এটা আমাদের পাতাকা। তারপর আমরা সেই ক্ষুদে নেতা রাসেলের নেতৃত্বে একটা মিছিলের মত সেই পাতাকা হাতে গেষ্ট হাউসটার চারপাশে ঘুরি। রাসেল বলে 'জয় বাংলা' আমারও বলি

‘জয় বাংলা‘ । মনে পড়ে ভেতরে তখন গুরুত্বপুর্ন মিটিং হচ্ছে আর আমরা তিনজন জয় বাংলা বলে সেই গেষ্ট হাউিসের চারপাশে ঘুরছি ।‘

এই ছোট্ট ঘটনায় বোঝা যায় ইতিহাসের সেই ক্রান্তিলগ্নে কিভাবে স্বাধীনতার শ্লোগানও শিশুদের খেলার উপলক্ষ্য হয়ে উঠেছিলো্ । লিপির মুখে শোনা আরেকটা গল্পও মনে পড়ে। জেলে বাবার মৃত্যুর খবরের পর তার যে দৃশ্যটি মনে গেঁথে আছে সেটি হঠাৎ করে তার মায়ের বড় একটা পরিবর্তন তার মা বেগম নাফিসা ইসলাম সবসময় নানারকমের গহনা পড়ে থাকতেন। কিন্তু লিপি দেখলেন জেলে বাবার মৃত্যুর খবরের পর তার মা গায়ের সব গহনা খুলে ফেলেছেন। মায়ের সেই গহনা বিহীন অবয়ব তার মনে গেঁথে আছে। এ যেন তার মা নয়, তার আগের মা যেন মৃত। বাবার মৃত্যুর শোকের চাইতেও তার গহনাবিহীন মায়ের এমন ঘুরে বেড়ানো দেখাটা ছিলো সেসময় আরো বেশী কঠিনতর। পচাত্তরের সেই নির্মম ঘটনার পর শুরু তাদের সেই কঠিন ত্যাগের সময়। তার মা ছয়টি সন্তান নিয়ে একা পথ চলার সেই গল্প। সেইসব গল্পের কথ্য ইতিহাসের স্বার্থেই সংগ্রহ করা প্রয়োজন।

হয়তো আমরা অনেকেই লিপি, রুপার কাছাকাছি সময়ে বড় হয়েছি। আমরা অনেকেই বাবার সান্নিধ্যে আর স্নেহ ভালোবাসা পেয়েছি বহু যুগ ধরে কেবলমাত্র প্রাকৃতিক স্বাভাবিক নিয়মে যথা সময়ে তারা দেহত্যাগ করেছেন বলেই। অথচ লিপি আর রুপার বাবা সৈয়দ নজরুল ইসলাম মানুষের কথা, দেশের কথা ভাবতে গিয়েছিলেন বলেই তার দুই মেয়ের বেড়ে ওঠাটা কেমন বদলে গেল। তাদের এই পাল্টে যাওয়া ছেলেবেলা বাংলাদেশের অজানা ইতিহাসের অংশ। ইতিহাসের এমনি সব অধ্যায়গুলো তুলে আনবার ইচ্ছা রাখি ভবিষ্যতে।

---

[*author*: Dr Papreen Nahar is a researcher, philopher and writer, currently living in Carlisle. She researches on various aspects relevant to public health, while working for Manchester University. She has travelled to many places around the world for work and pleasure, which has given her unique experience of relating to places and cultures. Despite her busy academic career, Dr Papreen commits to writing for leading Bangla newspapers. In her personal life, she is a mother of two sons: one studying at Kent University and the other preparing for sixth form. She is also wife of Dr Shahaduz Zaman, who is a widely acknowledged contemporary writer, besides his successful academic career.]

---

# Time Traveller's Guide

## **Mueedul Islam** - নিউক্যাসেল থেকে

I discerned something rather entrancing today that it has been a while since I have written something for myself or others outside medicine. I could hear my thoughts trying to navigate out of the grey matter with their arthritic limbs. Finally they are making efforts to glide. I could feel the excitement mixed with uncertainty and enticing me to pick up the pen again and write one more time.

Looking at life, it astounds me at times. I would like to look at a few enthralling aspects of life; possibly worth talking about 'time'.



A candle marked for use as a timer

Time is precious, possibly as precious as life. When the time finishes , life finishes. Prehistoric people first recorded the phases of the Moon some 30,000 years ago, and recording time has been a way by which humanity has observed the heavens and represented the progress of civilisation. An Egyptian device dating to c.1500 BC, similar in shape to a bent T square (T-square is a technical instrument used by draftsmen primarily as a guide for drawing horizontal lines on a drawing table ) measured the passage of time from the shadow cast by its crossbar on a nonlinear rule.

There were several gradual advances in measuring time. There is archaeological evidence of oil lamps about 4,000 BCE. Marked candles were used for telling the time in China from the sixth century CE. invented about 1,500 BCE and was a device which relied on the steady flow of water from or into a container. Measurements could be marked on the container or on a receptacle for the water.

While talking about time, it is pertinent to think about time management. There are quite a few theories in the domain. I like the one by Rory Vaden who used 'Focus Funnel' to describe how to manage time better. It surely made me think differently.




Egyptian Water Clock

Each of the five steps in the Focus Funnel represents a different strategy for multiplying time. 'Multipliers' allow themselves to spend time on things today that create more time tomorrow. And then they use the Focus Funnel to eliminate, automate, or delegate everything else. A real gem. You wish it could have been that simple. Interestingly enough, different people have different perspectives of life hence different priorities which make them manage the same amount of time differently.

It is hard to outrun time but it is possible to go real fast , specially in a supercar. I sheepishly admit, I like the term ' muscle cars'. American-made 2-door sports cars with powerful


engines designed for high-performance driving seems to be the right definition. 1949 Oldsmobile Rocket 88 seems to be known as the first muscle car. My favourite is and will always be the Shelby Mustang.The Shelby Mustang is a high performance variant of the Ford Mustang which was built by Shelby from 1965 to 1968. My favourite is 1968 GT 500 KR. The best of 1968 is the GT500 KR — the KR stands for King of the Road. With the unparalleled combination of power and handling the GT500KR brought to drivers, it wasn't an undeserved title.




If you love gardening 'right timing' is all you need for the best blooms. Winter is knocking at the door. It's time to get all the bulbs planted for spring and summer. Who knew that 'making of Lasagne ' can be used as a bulb planting concept. In a limited space in pots or tubs , you can plant a variety of bulbs at different levels and get the blooms from spring to autumn as the pictures show.



Travelling, if it's a passion for some of you like myself right timing is pivotal otherwise it can easily end up in a catastrophe. Apart from the weather, the food and the whole ambience feels different if you




are there at the right time. Last year, I went to Czech Republic as a part of our mini Europe tour.

A simple local delicacy tasted heavenly as I simply enjoyed being there at that time of the year otherwise it may have just skipped my radar. I tasted Trdelník which is a kind of European cake, made from rolled dough that is wrapped around a stick, then grilled and topped with sugar and walnut



mix. Then served with different type of fillings eg. ice cream, fruits etc. Ambrosial it was something worth trying if you are visiting the Czech Republic. Sharing the photo I have taken of the little roadside cafe making it.

Life is all about exploring your options at the right time. It is like a box of chocolates, you never know a known flavour may bewilder you at an auspicious time.



[*author*: Dr. Mueedul Islam is a philanthropist, with addiction for travelling. His commitment to working for the poor stems from his proud family history. His late father was a lawyer and a transformative visionary, who inspired and supported many hundreds of families to live with hope and ambition. His mother is a progressive academic as well as a community worker. Dr. Islam is favourably known as a *very good* medical doctor, professionally also a General Practitioner working in Newcastle. He is also a supercar fan; his love for travelling and supercars has led to many exciting adventures and experiences. Besides his busy life, he is also the husband of Dr. Fatema Shahadat, who is equally keen in travelling, writing and philanthropic activities.]

# Living with Diabetes

## Dr Kazi F Shahadat - নিউক্যাসেল থেকে

So one day you walk into your GP surgery and you are told that you have diabetes and your world falls apart and you walk back home trembling. First thought that goes through your head who is to blame? Well if you ask my Dad that question, his plain and simple answer would be 'Your mom who else! She is the one who fed me all the food for all these years'. I laugh and say 'Dad mom doesn't drive and the other day you were spotted trying out the new chocolate in the corner store '. My dad gets upset and says 'I was only trying to pick which flavour to buy for you guys that day'.  'But Dad the day before you were spotted having an ice cream when you went for Jummah Prayer '.  Now my dad gets seriously upset and says ' It's still your mom to blame , one-offs like that don't cause diabetes"....... And I decide to quit with a smile after all he is my father and I can't possibly win with him ever.

So who is to blame really? There are two main types of Diabetes Mellitus. Type 1 - presents in children or young adults, strong genetic factors associated. Type-2 is more associated with being overweight and most often first presents in people over the age of 40 yrs.  However type 2 increasingly diagnosed in children and in young adults.

Why and how you got it probably should be less of a worry once you have already got it , because now you need to live with it and most importantly live with Diabetes 'Normally'.  Both types can cause serious complications but these are much less

common and less severe if you understand it well and able to manage your own diabetes and get treatment from healthcare professionals.

'Food' for us Asians are big part of our lives. This starts from birth - from the very first time we cried and were soothed with milk. As we grew up, we may have been offered food to cheer up or distract and now as an adult we may find ourselves eating in response to life's stresses and difficulties. Food is not just a necessity, It has been conditioned as a soother of emotions throughout our entire lives -' Emotional ' 'Comfort ' Binge ' Non-hunger ' and 'Boredom' eating are all ways of describing our passion for food other than hunger.

Fast forward to the diagnosis of Diabetes and you are suddenly required to change or limit previously enjoyed food choices. Your doctor may have told you that healthy eating is one of the crucial elements of optimal diabetes control. But given the link between food and emotions, it's hardly surprising that encouragement to cut down on fatty and sugary food is sometimes difficult to implement.

However, you are in control of your diabetes and you decide what to do with it and how normally you can lead your life with it if you just make a few wise choices.

**1. Go for low GI foods.** They release energy slowly and keeps you feeling fuller for longer. How much you need to eat and drink is based on your age, gender, activity levels and the goals you are trying to achieve. You know in your head what you should be eating, but it's hard to break away from the pattern of food as an instant route of pleasure, distraction and

satisfaction. However this pattern can be changed, you know what to change in your eating behaviour.

**2. Understand your medications.** Speak to your DM nurse or GP and have a good understanding of your dosage of medications and how they work and when to take them. Because some days when you are eating heavy or enjoying a ' Dawat ' to your heart's content as the host has cooked so well and you couldn't resist, ask your Nurse how to titrate your medications on days like those. However if you are someone who have daily Dawats or night-outs , you probably need to look for healthier options rather than indulging all the time whether you have diabetes or not.

**3. Access Healthcare professionals appropriately.** Go and see your GP or specialist before Ramadan to tailor your medications according to your meal times. It is very important you avoid hypoglycaemic episodes during Ramadan. Any infections or illness during fasting can make diabetes worse. Access help promptly.

**4. Do not suffer in silence.** Let your doctor or Nurse know if you are having hypoglycaemic episodes or you are experiencing side effects of medications - they can be changed or altered. There are several alternatives available and not everyone needs Insulin.

**5. Take up some form of exercise.** Recommendation is 30 mins 5 times a week where you sweat but it doesn't need to be a chore; You can pick up a new sport or how about gossiping & brisk walking with your friend in the evening or just play up

your favourite tunes and dance away with it.... That burns the calories and the excess sugar.

So my dad' s cure was simple - I told my mom not to offer him any food , he can help himself. Since then my dad is controlling his diabetes very well according to him 😄 and my mom is saved from making a variety of delicacies to indulge him with love and then take the blame. He goes for an hour walk daily with his favourite music or listening to the radio which is a good break for him from my Mom who no longer sings songs soothing to his old ears.  His diabetes is well controlled with a few medication alterations and MashAllah he has fasted all throughout Ramadan in USA where the days have been so long where I would have even doubts to fast or not.

It's not the end of the world if you have been diagnosed with Diabetes and you can lead a life of normalcy just like anyone else only if you want to. Cheer up now if you have finished reading it and smile.

PS: All informations taken from Diabetes. UK

---

[*author*: Dr. Fatema Shahadat is a philanthropist and traveller. Like her husband, Dr. Mueedul Islam, she was also inspired by her father to be a progressive person with a strong belief that going to places and dealing with everyday people modulate the way we think and operate, for the better. Dr. Fatema is a General Practiotioner, favourably known as a very good medical doctor, which makes it hard for her to leave a surgery when she wants to move on to the next. She is a well-read and well-travelled person, and always willing to commit to community activities as and when needed.]

---

# Flowers and Trees: An iPhonography

**Tarique Hossain** – স্টকটন-ওন-টিস্ থেকে

[www.thossainphotography.com]

Nature unfolds beauty that cannot be recorded by our memories to visually share with others. Perhaps that is why we invented cameras, which, I think, is one of the greatest creations of mankind of all times.

Apart from my busy professional and personal life, I am a nature photographer. One of the key aspects of nature photography is to be opportunistic, meaning that one has to capture the beauty only when the nature offers the colour and grandeur. The captures can then be further processed to engrave the colours, brightness and contrasts. Below I share some of the images that I have captured over the years, in particular those of flowers and trees.

*All photographs shared here are taken by and edited on iPhone.*



*A Marigold?*

*Name the flowers!*


Flowers are amazing – they present strong colour contrasts, often offering sharp differences with the rest of the stem in the flower. You can imagine any colour, you will always find one somewhere, sometime.



*Myriad of leaves, shades and lights*

Trees offer a great view at various times of the day. The leaves create a pattern of shades and the branches make divisions in the patterns – essentially giving a visual illusion of artistrty.

*The queen of all flowers*



Rose is the queen of all flowers. The soft pink colour, blended in the green stems and their shades create a synergy of beauty, like none other. The visual appeal of roses is so royal that *kings* & *queens* through the years have always favoured roses for their choicest decorations. These days we have roses of different colours in our gardens.

[*author*: Mr. Tarique Hossain is a multi-talented artist. Most of the locals here know him well for his musical talent, with capability of playing guitar to various genre of music and singing equally well. He has been core to many of our musical evenings, starting from hosting the program to making sure the audience gets to hear some of the best musical masterpieces. The capability that many locals know less about is his unique photo artistry. He is a keen photographer with outstanding skills of rendering colours and contrasts. He continues to be the core designer for our posters and magazine covers. Besides art, Mr. Hossain also a regular contributor in community activities, and a teacher. His wife, *Dr Nasima Akhter*, is a public health researcher, and his son is a sixth-form student, with love for music and art inherited from his father.]

# একজন সালামাতুল্লাহ

**সোনিয়া আহমেদ** - গেইটসহেড থেকে

উৎসব। আমাদের সবার ছোট্ট একটা সংস্থা। এখানে সবাই রাজা। আনন্দ উচ্ছ্বলতায় ভরা। আমাদের একটা বার্ষিক ম্যাগাজিন বের হয়, যার প্রত্যেকটা লেখা আমাদের বহু পরিচিত জনের। ছোট বাচ্চা রায়াকে নিয়ে শত ব্যস্ততায় এক এক করে সব গুলো লেখা পড়ি। কোনটাতে হাসি, কোনটাতে কাঁদি, এত ভালো লাগে! এ বছরও সবাই লিখছে ম্যাগাজিনের জন্যে। আমার খুব মন চাইলো আমিও লিখি। স্মৃতির পাতায় কত কিছু যে আছে বলার, সময় করে লেখা হয়না, বলা হয়না। আজ ভাবছি লিখবো। একজন মানুষকে নিয়ে।

২০০০ সাল। ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স কোর্সে ভর্তি হয়েছি। থিসিস সুপারভিসনের অনুরোধ নিয়ে প্রথমবারের মত বিভাগীয় প্রধানের সাথে দেখা করতে গেলাম। স্যারের নাম - প্রফেসর কাজি সালামাতুল্লাহ।

স্যার খুব সুন্দর ভাবে ইংলিশ কায়দায় "না" বলে দিলেন। ব্যস্ত মানুষ, বছরে একজনের বেশি মাস্টার্স ছাত্র নেন না। "সো সরি, আই ক্যান নট হেল্প ইউ"। হাল ছাড়বার মানুষ নয় বলে, দিনের পর দিন আমি চেষ্টা করেই গেলাম। অবশেষে একদিন স্যার বললেন, "একটা ছোট আউটলাইন প্রপোসাল দিতে পারো"।

অনেক পড়াশুনা করে লিখেও ফেললাম। শিশু কিশোরদের জন্য আয়োডিনের প্রয়োজনীয়তা নিয়ে কাজ। স্যার পড়ে ঠোঁট উল্টে বললেন, "নাহ, হবেনা। গবাদি পশুদের আয়োডিনের প্রয়োজনীয়তা নিয়ে কিছু লিখে আন। মানুষকে নিয়ে ভাবার মানুষ আছে।"

কী মুশুকিল। তখনতো এখানকার মত এত ইন্টারনেটের প্রচলন ছিল না - যে সার্চ দিলাম আর পড়ে ফেললাম। আমি পড়ার একটা অভিনব পদ্ধতি বেছে নিলাম। লাইব্রেরী যাই, যতগুলো রেলেভ্যান্ট বই আর চ্যাপ্টার আছে বের করি। পড়তে শুরু করি। যে লিখাটা শুরু থেকে শেষ পর্যন্ত একটানে পড়তে মন

চায় সেই বইটাই বেছে নেই। একটা সময় মনে হল, বই আসলে মানুষের সাথে কথা বলে। যার কথা শুনতে, বা পড়তে ভাল লাগে, তাকেই বন্ধু করে নেয়। পড়তে গিয়ে এটাও বুঝলাম আয়োডিনের প্রয়োজনীয়তা মানুষ ও পশুর সবারই। আরো জানলাম কিভাবে আয়োডিন যুক্ত লবন ব্যাবহারিত হয় পশুর ওজন ও দুধের পরিমান বাড়াতে। স্বাভাবিক ভাবেই তা গর্ভের শিশুকেও প্রভাবিত করে। তার মানে আয়োডিনের প্রয়োজন আসলে জন্মের আগে থেকে।

কিছুদিনের মধ্যেই স্যারের ল্যাব এ কাজ শুরু করলাম। ভীষন ব্যাস্ত একটা ল্যাব। দেশেও সবধরনের লবণে আয়োডিনের পরিমান এখানেই পরিক্ষা করা হত। বাড়িতে ফিরতাম বিকেলে। সামান্য কিছু খেয়ে দৌড়াতাম, একটা কোচিং সেন্টারে ছোট বাচ্চাদের পড়াতে। সব মিলিয়ে বাইশ জন। উদ্দেশ্য: সময় ভাল ভাবে কাটানো, আর হাত খরচের জোগাণ দেয়া।

মাস্টার্স ফাইনালের আগে একদিন স্যার ডেকে পাঠালেন, কিভাবে পড়াশুণা করছি খোজ নিতে। "রোজ বিকেলে এতটা সময় ব্যায় করা ঠিক হবেনা, কোচিং এর চাকরি ছেড়ে ল্যাব এ বসে পড়বা", বললেন। আমিও বললাম, "হাত খরচের পয়সা বাবা মার কাছে চাওয়া আমার অপছন্দ। আমি ছাড়ছিনা।" স্যার ইউনিছেফ এর প্রজেক্টের পার্ট টাইম ল্যাব এন্যালিস্ট এর কাজ দিলেন আমাকে। শর্ত একটাই। মন দিয়ে পড়বো, কোচিং ছাড়তে হবে।

কাজ করতে গিয়ে লক্ষ্য করলাম, ল্যাবে অসংখ্য আন্ডার গ্রাজুয়েট কাজ করে। এদের অনেকেরই ঢাকা শহরে চলতে হাত খরচ প্রয়োজন। যা পরিবার দিতে পাড়ছেনা। আরো জানতে পারলাম, স্যার কারো কারো হাত খরচ নিজের পকেট থেকে দিয়ে দেন, যাদের ল্যাবের কাজ করার মত স্কিল নাই। স্যার অভাবী ছাত্রদের কোনদিন ফিরিয়ে দেন নাই। বরং বেঁধে রেখেছিলেন ভালোবাসার অনন্য জালে। বুঝলাম এই মানুষ আর সবার মত না।

স্যার মাঝে মাঝে ডেকে আমার পরিবারের খোজ নিতেন। যেদিন জানলেন আমার বাবাও উনার মত শিক্ষক, উনার উৎসাহের সীমা আর থামেনা। বাবা আজ কি করছে, শুক্রবারে কোথায় নিয়ে গেছিলেন, ইত্যাদি। আমি আমার

বাবাকে কতটা ভালবাসি সেটা শুনলে উনার চোখ জ্বল জ্বল করতো। চোখে পানিও দেখেছি বেশ কবার। আমারও মায়া লাগতো।

একদিন ডিপার্টমেন্টের বড় আপুর কাছ থেকে জানলাম, স্যারের নিজের কোনো ছেলে বা মেয়ে নেই। পারিবারিক জীবনেও খুব আন্‌-হ্যাপি। আমার শুনে যারপর নাই খারাপ লেগেছে। কিছুক্ষন কেঁদেছিও।

একদিন স্যার নতুন একটা ফান্ডিং পেয়েছেন, সবাই কে মিষ্টি খাওয়াচ্ছেন। আমাকে একটা ছোট্ট প্যাকেট দিয়ে বললেন, "তোমার বাবাকে দেবে, বলবে আরেক বাবা দিয়েছেন"। কেন জানি কথাটা হালকা মেজাজে বললেও, আমার খুবই খুশি লাগলো।

মাস্টার্স ফাইনাল পরীক্ষার রেজাল্ট হবে। আমার বাবাকে নিয়ে এসেছি ক্যাম্পাসে, রেজাল্ট তখনো বোর্ডে আসেনি। এই ফাঁকে বাবা আমার স্যারের সাথে দেখা করবেন। কিন্তু শুনতে পেলাম স্যার রুমে নেই। মনটাই খারাপ হয়ে গেল।

অনেকক্ষণ অপেক্ষার পরে আমরা স্যারের ল্যাবে গেলাম। রেজাল্টও পেলাম না, স্যারের সাথেও দেখা হলো না।

স্যারের ল্যাবে যেতেই হৈ চৈ। স্যার আমাদের পিছু পিছু এসেছেন, হাতে কত কেজি মিষ্টি বলতে পারবোনা। পেছন থেকে দৌড়ে এসে আমার বাবাকে জড়িয়ে ধরে বললেন, "আমিও ওর বাবা, তাই ভাবলাম রেজাল্ট এর খবর টা আমি আমার মত করে দেই.......”। স্যারের চোখে মুখে এত্ত খুশি আমি আর কখনো দেখিনি। চোখে এত্ত পানি আর কখনোও দেখিনি।

মাঝের গল্প আরেকদিন করব।...............

বিদেশে আসার পরে, কত্তবার স্যারকে ফোন দিব দিব করে দিতে পারিনি বিভিন্ন কারনে। যে কবার করেছি, স্যারকে পাইনি। শুনেছি স্যারের জীবনের সব কষ্টের কথা অন্যের কাছ থেকে।

সেই স্যার আজ আমাদের মাঝে নেই। জীবনে অনেক শিক্ষক দেখলাম, কিন্তু নিজেকে ছাত্র ছাত্রীদের জন্যে এভাবে উজার করে দেয় সেরকম শিক্ষক দেখিনি। দেখেছি অনেক সালামাতুল্লাহ, কিন্তু বাবার মত করে ছাত্র ছাত্রীদের উৎসাহ দেন, এরকম সালামাতুল্লাহ আর কখনো দেখিনি। আর কখনো দেখাও হবেনা।

---

[*author*: Dr Sonia Ahmed is public health nutritionist. Working in various places around the world with disadvantaged people has given her inspiration to continue her transformative public health research. Her father continues to be a keen support and inspiration for her passion in working for the people. Sonia is a mother of two daughters: the elder one is a student of year 8 in St Thomas More Catholic School Blaydon, and the younger one (1-year old) toddles about her pathways in every corner of the house. Her husband, *Dr Rishad Shafik*, is an Assistant Professor based in Newcastle University.]

---



উৎসব হোক বৃষ্টির
উৎসব হোক রঙের
উৎসব হোক অনুভূতির



# দেশের লেখা

## Letters from Bangladesh

# ফেসবুক ভাবনা - 2

**যোবায়েদ আহসান** - ঢাকা থেকে

## 'মজা কাহিনী'

বিবিসাহেবের জরুরী মেসেজ এসেছে। "ছেলের স্কুলের মোজা কিনে আনবে, আজেকেই -দুই পেয়ার। না কিনলে কালকে স্কুলে যেতে পারবে না। অবশ্যই বাটা থেকে কিনবা। " এরকম মেসেজ আমাদের মত 'স্বামী-কেন-বাবা' টাইপ লোকদের দিনের মধ্যে বেশ কয়েকবারই পেতে হয়।

'চালডাল.কম' নামে একটা শপিং এপস বেশ পপুলার হয়েছে। এপস খুলে অর্ডার দিলেই মাল সামানা দ্রুত বাসায় চলে আসে এক -দেড় ঘন্টার মধ্যেই।

এই চালডাল.কম এর সামান্য একটু উন্নত ভার্সন এর নামই যে husband এটা মনে হয় অনেকেই বুঝতে পারেন না। আমি পারি।

মনে হচ্ছে, আলোচনা বিপৎজ্জনক দিকে মোড় নিচ্ছে।

তার আগেই বরং আজকের টপিক 'মোজা' তে ফেরত যাই।

তো, বাটার শোরুমে গেলাম বাচ্চার স্কুলের মোজা কিনতে। কাউন্টারে একটি চ্যাংরামত ছেলে দাঁড়ানো।

স্লামালায়কুম স্যার, কি ভাবে সাহায্য করতে পারি ?
আমি বললাম, আপনাদের এখানে মোজা আছে না ?
ছেলেটি বললো, জ্বি স্যার, আমাদের এখানে অনেক মজা আছে।

আমি বললাম, মজা না- মজা না। মোজা -সক্স।

সেটাই স্যার। মজা মানে সক্স আছে অনেক।

বুঝলাম ছেলেটার 'ওকারে' সমস্যা আছে।

ভাগ্যিস আকার-একারে সমস্যা নাই। থাকলে 'সক্স' বলতে গিয়ে আবার সে কী না কী বলে ফেলতো - আল্লাহই জানে। একটুর জন্য ইজ্জত বেঁচে গেলো।

ইজ্জত বেঁচে যাবার আনন্দে আমি একটু মজা করে বললাম, ঠিক আছে দুই

জোড়া স্কুলের 'মজা' দেন।

ছেলেটির মনে হয় আমার এই ফাইজলামিটা পছন্দ হলো না।

সে বেশ গম্ভীর হয়ে আমাকে জ্ঞান দিলো - স্যার স্কুলের মজা বলে কিছু নেই। আমাদের এখানে সাদা মজা আর কালো মজা আছে। আপনার কী রং লাগবে বলেন ?

আসলেই তো। স্কুলের মোজা বলে আলাদা কিছু তো থাকার কথা না। বিবিসাহেবের এসএমএস টা মাথায় গেঁথে ছিল বলেই বোধহয় স্কুলের মোজা বলে ফেলেছি।

আমি বললাম, ঠিক আছে। দুই জোড়া সাদা মজাই দিন।

সে দুই জোড়া সাদা মোজা বের করে দিলো - আমার পায়ের মাপের !! আমি 'মজা' ওরফে মোজা হাতে নিয়ে বললাম, ভাই আমার জন্য না, আমি তো স্কুলে যাই না। আমার ছেলের জন্য।

ওহহ। সরি স্যার। বয়স কত ?

আমি বললাম, উমম ... এই তো ... প্রায় একচল্লিশ।

আমার উত্তর শুনে ছেলেটি এইবার ১০০% নিশ্চিত হলো যে সে এক মহাফাজিল কাস্টমারের পাল্লায় পড়েছে।

সে আরো গম্ভীর হয়ে বললো, আপনার না, বাচ্চার বয়স বলেন।

উপপ্স ... সরি ....আট।

এই বার ছেলেটি পাশের সেলস গার্লকে উদ্দেশ্য করে বলে উঠলো - এই সমা, স্যার এর জন্য ৮ বছর সাইজ এর দুই 'জড়া' মজা নিয়ে আসো।

সেলস গার্লটি, খুব সম্ভবত তার নাম সোমা হবে, আশ্চর্য হয়ে একবার ছেলেটির দিকে একবার আমার দিকে তাকালো।

তিনি কী কারণে আশ্চর্য হলেন ঠিক বোঝা গেলো না।

'৮ বছর সাইজ এর মোজা' আমার পায়ে খাটবে কিনা এটা নিয়ে আশ্চর্য হলেন?

নাকি নিজের নামের অপভ্রংশ উচ্চারণ শুনে ?

নাকি 'দুই জড়া মজা' কী জিনিস হতে পারে এটা ভেবে ?

আমি ঠিক বুঝতে পারলাম না।

যাই হোক -বোঝার দরকার নেই। মোজা নিয়ে অনেক মজা হলো , এবার যাওয়া দরকার।

টাকা পয়সা মেটানোর পর, মেয়েটি আমার হাতে মোজার প্যাকেটটা তুলে দিতেই বললাম, থ্যাংক ইউ, ভেরি মাচ।

আমাকে যারপরনাই বিস্মিত করে এবার মেয়েটি বলে উঠলো, অয়েলকাম , স্যার।

আমি একটা দীর্ঘশ্বাস ছেড়ে মনে মনে বললাম, RIP 'ও-কার'।

## ধন্যবাদ

সরকারি অফিসে লোক নেওয়া হবে। ইন্টারভিউ চলছে। সবাইকে একটাই প্রশ্ন করা হচ্ছে। ২+২ = কত ? প্রথমে ইন্টারভিউ দিতে এলেন একজন সাংবাদিক। তিনি এলেন, ক্যামেরা -লেন্স ফিট করলেন- এ বিষয়ে ৫ টা রিপোর্ট লিখলেন, ২টা ইন্টারভিউ নিলেন তারপর কাগজে, ২+২= ২২ লিখে চলে গেলেন। এরপর এলেন একজন 'সমাজসেবক'। তিনি অনেক চেষ্টা করেও উত্তর মেলাতে পারলেন না। তবে যাবার আগে কাগজে লিখে গেলেন, ' এদের সাথে কাজ করে আমি ভীষণ আনন্দ পেলাম '। তারপর এলেন একজন ইঞ্জিনিয়ার। 'টি-স্কেল' দিয়ে অনেকক্ষণ ধরে মাপজোখ করে প্রমাণ করে দিলেন ২+২ এর মান ৩.৯৯৯ এবং ৪.০০১ এর মধ্যে অবস্থিত। এরপর যার ইন্টারভিউয়ে আসার কথা ছিল - তিনি আ-র-র আসেন না। আসেন না। আসেন না। অনেকক্ষণ পর অবশেষে তিনি এলেন, চেয়ারে গা এলিয়ে দিয়ে বললেন, ২+২ ?? উমম ...আজকে ঠিক বলতে পারছি না। আপনি সাতদিন পরে আসুন। দেখি কিছু করা যায় কিনা। এই বলে তিনি ক্যান্টিনে চলে গেলেন চা খেতে। .... এবং সরকারি চাকরিটা তিনিই পেয়ে গেলেন ! এই জোকটা সরকারি চাকরিজীবীদের পঁচানোর জন্য। 'সরকারি অফিসে কাজ হয় না' এই ধারণাকে প্রতিষ্ঠিত করতে এরকম আরো অসংখ্য জোক আছে। আমরা অহরহ বলি , হাসাহাসি করি, মজা নেই - মজা পাই। কিন্তু ব্যাপারটা কি আসলেই সত্যি ? না ভাই, সরকারী অফিসেও কাজ হয় - তা না হলে দেশ চলতো না। অনেকদিন আগে একটা স্ট্যাটাসে বলেছিলাম, এই দেশে

কাজের জন্য যদি পুরস্কার দেওয়া হতো - আমার ধারণা -১ম ,২য় , ৩য় তিনটি পুরস্কারই পেতো এই দেশের কৃষির সাথে সংশ্লিষ্ট সরকারের যে যে দপ্তর/অধিদপ্তর /পরিদপ্তর আছে তারা। 'কেন ?' প্রশ্নটা করার আগে ভেবে দেখুন। ৭১ এ এদেশের জনসংখ্যা ছিল সাড়ে সাত কোটি - খাদ্য বাইরে থেকে আনতে হতো। এখন জনসংখ্যা ১৬ কোটি - চাষযোগ্য জমিও কমে গেছে ৩০% . অথচ খাদ্যে মোটামুটি স্বয়ংসম্পূর্ণ আমরা। ক্যামনে সম্ভব ? হ্যা ভাই , সরকারী অফিসে কাজ হয় বলেই সম্ভব। কিছু কিছু সরকারি অফিসে অনেক বেশি কাজ হয় - আমরা জানি না। আমরা তাদের কথা কখনোই বলি না। ধন্যবাদ দেই না। আজকে এরকমই আরেকটা সরকারি ডিপার্টমেন্টেকে ধন্যবাদ দিবো। সেটা মৎস্য বিভাগ। এই যে সস্তায় ইলিশ খাচ্ছি, এটা কার অবদান ? ইলিশ মাছ দেশ থেকে হারিয়েই যাচ্ছিল। ৩/৪ বছর আগেও বাজারে গিয়ে একটা স্মল সাইজের ইলিশের মাছের দিকে তাকানোর সাহস পর্যন্ত যারা পেতেন না -তারাও এখন ইলিশ খেতে খেতে বোরড হয়ে যাচ্ছেন। ক্যামনে ? খুব ছোট্ট দুইটা স্টেপ - ১. ইলিশ প্রজননের সময়টায় মাছ না ধরা - এবং ২. কারেন্ট জালের বিরুদ্ধে সাঁড়াশি অভিযান এই স্টেপ দুইটা তারা খুঁজে বের করেছে। তারপর 'কী ভাবে কী করতে হবে' সেই প্ল্যান বানিয়েছে। এন্ড ফাইনালি সেটা এক্সিকিউট করেছে। ব্যস, মাত্র তিন চার বছরের মধ্যেই আমরা তার ফল পাচ্ছি। ধন্যবাদ জানাই, সরকারের এই বিভাগ অথবা দপ্তর অথবা অধিদপ্তর অথবা পরিদপ্তর whatever .. ... আমি আসলে এতো টাইপ দপ্তরের পার্থক্যটা বুঝি না - তাই সবার নাম দিয়ে দিলাম। কেউ যেন বাদ না পড়ে। ১২০০ টাকা দিয়ে এক হালি 'মধ্যবিত্ত' সাইজের ইলিশ মাছ যারা দেশবাসীকে খাওয়াচ্ছেন তাদের একজনের নামও ধন্যবাদের তালিকা থেকে বাদ দেওয়া উচিত হবে না। কী বলেন?

## মন্ত্রী সভা

গাছদের মন্ত্রীসভা গঠন হচ্ছে। অভিজ্ঞতা ও সিনিয়রিটি বিবেচনা করে বিনা প্রতিদ্বন্দ্বিতায় প্রধানমন্ত্রী হয়ে গেলেন 'বট' গাছ। এবার মাননীয় 'বটবৃক্ষ' গাছদের মধ্যে ভাগ করছেন বিভিন্ন মন্ত্রণালয়। প্রথমেই অর্থ মন্ত্রনালয়। এ পদের জন্য যোগ্য একজনই - তিনি মানিপ্ল্যান্ট। যুগের পর যুগ ধরে 'টাকা-এনে-দিবো' বলে মিথ্যে প্রতিশ্রুতি দিয়ে লোকজনের ড্রয়িং রুমে কত সুন্দর আদর

আপ্যায়ন নিয়ে বেঁচে আছেন তিনি। অর্থমন্ত্রী হিসেবে তাঁর চেয়ে যোগ্য আর কে আছে। প্রতিরক্ষা মন্ত্রী হিসেবে মাননীয় বট গাছ দায়িত্ব দিলেন - সেগুন গাছকে। প্রতিরক্ষার কাজে শক্তপোক্ত গাছের দরকার আছে। জলবায়ু বিষয়ক মন্ত্রনালয় দেওয়া যেতে পারে - সূর্যমুখী কে। যে হারে 'গ্লোবাল ওয়ার্মিং' এর প্রভাব বাড়ছে - সূর্যকে ভালোভাবে ম্যানেজ করতে হবে তো। সারাক্ষণ সূর্যবাবুর সাথে চোখাচোখি করা সূর্যমুখীর চেয়ে ভালো আর কে হবে এই কাজে ? বটবৃক্ষ আইটি ভালো বুঝেন না। তবে যেহেতু আইটি নিয়ে কথা বলতে গেলেই শুধু 'ডাটা'র কথা আসে - আইটি বিষয়ক মন্ত্রিত্বটা 'ডাটা' শাক কে দিয়ে দিলেন। দেখাই যাক না কেমন কাজ করে ছেলেটা। অপ্রত্যাশিত এই মন্ত্রনালয় হাতে পেয়ে ডাঁটাশাক কিছুটা আশ্চর্য হলেও- চেহারায় একটা ডিজিটাল ডিজিটাল ভাব এনে শপথ নিতে আসলেন। এবার স্বাস্থ্য মন্ত্রণালয়। সবাইকে পেছনে ফেলে এই পদ দখল করে নিলেন 'নিম' গাছ। নিম গাছ এর কাজে সাহায্য করার জন্য একজন উপমন্ত্রীও দেওয়া হলো - তিনি বিখ্যাত এনেস্থেসিওলজিস্ট 'ধুতুরা' । সংস্কৃতি মন্ত্রণালয় নিয়ে কৃষ্ণচূড়া আর শিউলি ফুলের ভিতর বেশ শক্ত ফাইট হলেও শেষমেশ এবারের মতো কৃষ্ণচূড়ার কপালেই জুটলো । শিউলিকে তিনি আগামী বারের জন্য অপেক্ষা করতে বললেন। ক্রীড়া মন্ত্রী হিসেবে নাম এলো - কদম গাছের। এরকম টেনিস বলের মতো ফুল যার -খেলাধুলার দায়িত্বটা তাকেই মানায়। যোগাযোগ ও সেতু মন্ত্রী হিসেবে দায়িত্ব দেওয়া হলো - জঙ্গলে ঝুলে থাকা লম্বা লম্বা 'লতা' গুলোকে। যোগাযোগ ব্যবস্থায় এইসব লতার কি অবদান, টারজান সাহেব আমাদের অনেক আগেই দেখিয়ে দিয়ে গেছেন। এ মন্ত্রনালয়ে একজন প্রতিমন্ত্রীও আছেন। তিনি সেতু বিভাগটা দেখবেন। তার নাম - বাঁশ। যেখানে ব্রিজ নাই সেখানে বাসের সাঁকো দিয়েই তো কাজ সারা হয়। আর তাছাড়া আজকাল নাকি রাস্তাঘাট -ব্রিজ কালভার্ট বানাতে রডের পরিবর্তে বাঁশ ভালোই ব্যবহার হচ্ছে। বটবৃক্ষ এ সংক্রান্ত অনেক ভিডিও ইউটিউবে দেখেছেন। তথ্য মন্ত্রী হলেন - ইউক্যালিপ্টাস গাছ। ভিতরে মাল মশলা কিছুই নাই -তবে বাইরেটা বেশ ফিটফাট করে প্রচার করতে এই গাছের জুড়ি নাই। সরকারের মিথ্যা গুনগান গাইবার জন্য এমন গাছই ভালো হবে। বিমান মন্ত্রণালয়ের দায়িত্ব পড়লো তালগাছের উপর। সুপারি-নারিকেল গাছগুলো এতে মন খারাপ করলেও বটবৃক্ষ সেদিকে কর্ণপাত করলেন না। আকাশ পথ নির্বিঘ্ন রাখার জন্য সবচেয়ে উঁচু গাছই তো তার দরকার। আর দরকার একপায়ে দাঁড়িয়ে থাকার মতো বিশ্বস্ততা।

বাণিজ্য মন্ত্রণালয়টা পাট গাছকে দেওয়া যেত। তবে তার অবস্থা আজকাল তেমন ভালো না। আজকাল গাছদের মধ্যে 'মেহগনি' গাছ বাণিজ্যে বেশ ভালো করছে। তাকেই এ দায়িত্ব বেশি মানায়। মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় - একবাক্যে 'লজ্জাবতী' কে দিয়ে দেওয়া হলো। গৃহায়ণ মন্ত্রী হলেন - ধানগাছ। আবহমান কাল থেকে বেচারা ধানগাছ ঘরবাড়ি বানানোর জন্য খড়ের সাপ্লাই দিয়ে যাচ্ছে - তাকে তো মূল্যায়ণ করতেই হয়। নৌ পরিবহন মন্ত্রণালয় পেলেন - পানিতেই যার জীবন - সেই 'কচুরিপানা'। আমাদের মা খালাদের খতম পড়ার সময় দোয়ার হিসেব রাখার জন্য একসময় শিমের বিচির বিশাল ভূমিকা বিবেচনা করে ধর্মমন্ত্রীত্ব দেওয়া হলো - শিম গাছ কে। অবশ্য সংখ্যালঘু কোটায় তুলসী গাছকে এই মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বানানো হলো। লাস্ট বাট নট দ্যা লিস্ট, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব পেলেন 'শ্যাওড়া' গাছ। কারণ : শ্যাওড়া গাছ অনেক ভুত পালে। কোনো 'আমজনতা গাছ' বেশি তেড়িবেড়ি করে এই সব ভুত পাঠিয়ে 'গুম' করে দেওয়ার কাজ সবচেয়ে ভালো আর কে পারবে ? কেমন হলো এই নতুন মন্ত্রী পরিষদ ?? ভালো না ? আসুন সবাই মিলে বটবৃক্ষের এই নতুন মন্ত্রিসভাকে শুভকামনা জানাই।

## ক্লান্ত সকাল

আদাবর থানার মোড়ে বিরাট ক্যাচাল। ক্যাচালের বিষয়বস্তু : একটা সিএনজি আর রিকশার মধ্যে ঠোকাঠুকি। এই নিয়ে ঝগড়া। ঝগড়া প্রথমে শুরু হয়েছিলো সিএনজি চালক এবং রিক্সাওয়ালার মধ্যে। কিছুক্ষণ পর যার যার প্যাসেঞ্জাররা ভাবলেন, এ ঝগড়ায় তাদের অংশগ্রহণ করাটা ফরজে কিফায়া। তারাও ঝগড়ায় সক্রিয় হলেন। কিছুক্ষণের মধ্যে দেখা গেল, ঝগড়া পুরোপুরি ট্রান্সফার হয়ে গেছে। প্যাসেঞ্জার দুজন তুমুল ঝগড়া করছেন। আর চালক দুজন উদাস নয়নে তাকিয়ে সেই ঝগড়া দেখছে। রিক্সাওয়ালা ভাইজান তো একটা বিড়ি ধরিয়ে আয়েশ করে সুখটান দিতেও শুরু করলেন। পিছনে দীর্ঘ লাইনে জ্যামে আটকে আছি আমরা। মনে হচ্ছে না কিছুক্ষণের মধ্যে ঝগড়া থামবে। কারণ ঝগড়া এখন introductory বা 'আমারে চিনস? ' পর্যায়ে আছে। তারা সবেমাত্র একজন আরেকজন এর সাথে পরিচিত হচ্ছেন। পরিচিত হবার স্টাইল সেই চিরন্তন। সিএনজি প্যাসেঞ্জার বললেন - আমারে চিনস ? রিকশা প্যাসেঞ্জার

তুড়ি মেরে বললেন, আরে রাখ তোর মত কত আ*া ল আমার লুঙ্গির তল দিয়া আইলো আর গেলো। তার আগে ক তুই আমারে চিনস কিনা ? আমি তাদের দুজনের দিকেই তাকালাম। তারা একে অপরকে একটুও চিনতে পারছে কিনা নিশ্চিত নই। তবে আমি দুজনকেই চিনলাম। দুজনকেই খুব ভালো করে চিনলাম। তারা দুজনই ঢাকাবাসী। ভীষণ অসুখী ঢাকাবাসী।

এই ঢাকা শহরের মতো 'অসুখী সকাল' পৃথিবীর আর কোনো দেশে আছে কিনা আমি নিশ্চিত নই। 'মর্নিং ফ্রেশনেস' বলে একটা কথা আছে - এই শহরের সকালবেলায় সেই ফ্রেশনেসের ছিটেফোঁটাও কোথাও দেখা যায় না। পৃথিবীর সব দেশে মানুষজন সকাল বেলায় শাওয়ার নিয়ে বেশ একটা ফুরফুরা মেজাজে কানে হেডফোন লাগিয়ে গান শুনতে শুনতে অফিস কিংবা স্কুল কলেজে যান। অথচ আমাদের এই ঢাকা শহরে সকাল বেলায় রাস্তায় হাসিখুশি মুডের একজন মানুষও দেখা যায় কিনা সন্দেহ। সবার মুখেই কী যেন এক বিশাল 'এক টেনশন'। সবাই থাকে 'দৌড়ের উপর'। সময় মত অফিসে পৌঁছাতে পারবো তো ? পরীক্ষা হলে ঢুকতে পারা যাবে তো? রাস্তায় জ্যাম আজকে বেশি হবে নাতো ? রাস্তায় ভিআইপি মুভমেন্টের প্যাচে পড়বো না তো ? ১০০ টাকা বেশি দিয়েও সিএনজিওয়ালাকে রাজি করানো যাবে তো ? বাসের লাইনে কতক্ষণ অপেক্ষা করতে হবে ? টেনশনে সাত সকাল বেলাতেই এই শহরের সবাই ঘেমে কদাকার। সবার কপাল কুঁচকানো। সবাই ভীষণ ক্লান্ত। জানি, এই অবস্থার জন্য এই মানুষগুলো দায়ী নয় মোটেও। ইচ্ছে করে কেউ কি আর এমন অসুখী হতে চায় ? এই মানুষগুলো তো আসলে 'বোতলের ছিপি আঁটা পানি' - যে পাত্রে রাখা হয় সেই পাত্রের আকার ধারণ করে। যেমন করে রাখা হয়, তেমন করেই থাকে। সকাল আটটা বাজতে না বাজতেই বাসের লাইনে দাঁড়ানো এই মানুষগুলো, স্কুলে কলেজে যাওয়া ছাত্র ছাত্রী -তাদের সঙ্গে থাকা বাবা মা, রিক্সা বা সিএনজির জন্য ছুটতে থাকা মানুষ, টিফিন ক্যারিয়ার হাতে হন হন করে হেটে চলা গার্মেন্টসকর্মী, অফিসের মাইক্রোবাসে বসে থাকা চাকুরীজীবি, বাসের মধ্যে বসে বসে ঝিমাতে থাকা লোকটা, এমনকি ট্রাফিক পুলিশ - সবার চোখমুখই বিরক্তিতে কী ভীষণ কুঁচকে আছে ! কুঁচকাতে কুঁচকাতে এই শহরের মানুষজনের কপালের রেখাগুলোর অবস্থা এমন হয়েছে যে একটু ভালো করে তাকালে সেখানে নদীমাতৃক বাংলাদেশের মানচিত্র দেখা যায় । কারো কপালে পদ্মা, কারো

কপালে মেঘনা, কারো কপালে আবার শাখা প্রশাখা সহ পুরাতন ব্রহ্মপুত্র। আন্তর্জাতিক কপাল কুঁচকানো প্রতিযোগিতা হলে এই শহরের মানুষজনদের হারানোর ক্ষমতা পৃথিবীর আর কোনো শহরের নেই বলেই আমার মনে হয়। 'ক্লান্ত বিকেল' বলে কবি সাহিত্যিকরা একটা উপমা ব্যবহার করে গেছেন।

ঢাকা শহরের কবিরা নির্দ্বিধায় 'ক্লান্ত সকাল' উপমাটা ব্যবহার করে পারেন- বিকেল পর্যন্ত তাদের অপেক্ষা করার দরকার নেই। কী বললেন ? সকাল 'ক্লান্ত' হলে বিকেল বেলার জন্য কী উপমা ব্যবহার করবেন ? 'পুতাইয়া যাওয়া বিকেল' টা খারাপ হবে না - ব্যবহার করতে পারেন। যে শহরের সকালটাই এতো ক্লান্ত সেই শহরের বিকালটা তো 'পুতাইয়া' যাওয়াই।ক্লান্ত সকাল আদাবর থানার মোড়ে বিরাট ক্যাচাল। ক্যাচালের বিষয়বস্তু : একটা সিএনজি আর রিকশার মধ্যে ঠোকাঠুকি। এই নিয়ে ঝগড়া। ঝগড়া প্রথমে শুরু হয়েছিলো সিএনজি চালক এবং রিক্সাওয়ালার মধ্যে। কিছুক্ষণ পর যার যার প্যাসেঞ্জাররা ভাবলেন, এ ঝগড়ায় তাদের অংশগ্রহণ করাটা ফরজে কিফায়া। তারাও ঝগড়ায় সক্রিয় হলেন। কিছুক্ষণের মধ্যে দেখা গেল, ঝগড়া পুরোপুরি ট্রান্সফার হয়ে গেছে। প্যাসেঞ্জার দুজন তুমুল ঝগড়া করছেন। আর চালক দুজন উদাস নয়নে তাকিয়ে সেই ঝগড়া দেখছে। রিক্সাওয়ালা ভাইজান তো একটা বিড়ি ধরিয়ে আয়েশ করে সুখটান দিতেও শুরু করলেন। পিছনে দীর্ঘ লাইনে জ্যামে আটকে আছি আমরা। মনে হচ্ছে না কিছুক্ষণের মধ্যে ঝগড়া থামবে। কারণ ঝগড়া এখন introductory বা 'আমারে চিনস? ' পর্যায়ে আছে। তারা সবেমাত্র একজন আরেকজন এর সাথে পরিচিত হচ্ছেন। পরিচিত হবার স্টাইল সেই চিরন্তন। সিএনজি প্যাসেঞ্জার বললেন - আমারে চিনস ? রিকশা প্যাসেঞ্জার তুড়ি মেরে বললেন, আরে রাখ তোর মত কত আ*া ল আমার লুঙ্গির তল দিয়া আইলো আর গেলো। তার আগে ক তুই আমারে চিনস কিনা ? আমি তাদের দুজনের দিকেই তাকালাম। তারা একে অপরকে একটুও চিনতে পারছে কিনা নিশ্চিত নই। তবে আমি দুজনকেই চিনলাম। দুজনকেই খুব ভালো করে চিনলাম। তারা দুজনই ঢাকাবাসী। ভীষণ অসুখী ঢাকাবাসী। এই ঢাকা শহরের মতো 'অসুখী সকাল' পৃথিবীর আর কোনো দেশে আছে কিনা আমি নিশ্চিত নই। 'মর্নিং ফ্রেশনেস' বলে একটা কথা আছে - এই শহরের সকালবেলায় সেই ফ্রেশনেসের ছিটেফোঁটাও কোথাও দেখা যায় না। পৃথিবীর সব দেশে মানুষজন সকাল বেলায়

শাওয়ার নিয়ে বেশ একটা ফুরফুরা মেজাজে কানে হেডফোন লাগিয়ে গান শুনতে শুনতে অফিস কিংবা স্কুল কলেজে যান। অথচ আমাদের এই ঢাকা শহরে সকাল বেলায় রাস্তায় হাসিখুশি মুডের একজন মানুষও দেখা যায় কিনা সন্দেহ। সবার মুখেই কী যেন এক বিশাল 'এক টেনশন'। সবাই থাকে 'দৌড়ের উপর'। সময় মত অফিসে পৌঁছাতে পারবো তো ? পরীক্ষা হলে ঢুকতে পারা যাবে তো? রাস্তায় জ্যাম আজকে বেশি হবে নাতো ? রাস্তায় ভিআইপি মুভমেন্টের প্যাচে পড়বো না তো ? ১০০ টাকা বেশি দিয়েও সিএনজিওয়ালাকে রাজি করানো যাবে তো ? বাসের লাইনে কতক্ষণ অপেক্ষা করতে হবে ? টেনশনে সাত সকাল বেলাতেই এই শহরের সবাই ঘেমে কদাকার। সবার কপাল কুঁচকানো। সবাই ভীষণ ক্লান্ত। জানি, এই অবস্থার জন্য এই মানুষগুলো দায়ী নয় মোটেও। ইচ্ছে করে কেউ কি আর এমন অসুখী হতে চায় ? এই মানুষগুলো তো আসলে 'বোতলের ছিপি আঁটা পানি' - যে পাত্রে রাখা হয় সেই পাত্রের আকার ধারণ করে। যেমন করে রাখা হয়, তেমন করেই থাকে। সকাল আটটা বাজতে না বাজতেই বাসের লাইনে দাঁড়ানো এই মানুষগুলো, স্কুলে কলেজে যাওয়া ছাত্র ছাত্রী -তাদের সঙ্গে থাকা বাবা মা, রিক্সা বা সিএনজির জন্য ছুটতে থাকা মানুষ, টিফিন ক্যারিয়ার হাতে হন হন করে হেটে চলা গার্মেন্টসকর্মী, অফিসের মাইক্রোবাসে বসে থাকা চাকুরীজীবি, বাসের মধ্যে বসে বসে ঝিমাতে থাকা লোকটা, এমনকি ট্রাফিক পুলিশ - সবার চোখমুখই বিরক্তিতে কী ভীষণ কুঁচকে আছে ! কুঁচকাতে কুঁচকাতে এই শহরের মানুষজনের কপালের রেখাগুলোর অবস্থা এমন হয়েছে যে একটু ভালো করে তাকালে সেখানে নদীমাতৃক বাংলাদেশের মানচিত্র দেখা যায় । কারো কপালে পদ্মা, কারো কপালে মেঘনা, কারো কপালে আবার শাখা প্রশাখা সহ পুরাতন ব্রহ্মপুত্র । আন্তর্জাতিক কপাল কুঁচকানো প্রতিযোগিতা হলে এই শহরের মানুষজনদের হারানোর ক্ষমতা পৃথিবীর আর কোনো শহরের নেই বলেই আমার মনে হয়। 'ক্লান্ত বিকেল' বলে কবি সাহিত্যিকরা একটা উপমা ব্যবহার করে গেছেন। ঢাকা শহরের কবিরা নির্দ্বিধায় 'ক্লান্ত সকাল' উপমাটা ব্যবহার করে পারেন- বিকেল পর্যন্ত তাদের অপেক্ষা করার দরকার নেই। কী বললেন ? সকাল 'ক্লান্ত' হলে বিকেল বেলার জন্য কী উপমা ব্যবহার করবেন ? 'পুতাইয়া যাওয়া বিকেল' টা খারাপ হবে না - ব্যবহার করতে পারেন। যে শহরের সকালটাই এতো ক্লান্ত সেই শহরের বিকালটা তো 'পুতাইয়া' যাওয়াই।

[*author*: Mr. Jobaed Ahsan is a contemporary writer, with a few published books by various piublishers (like *Hakulla*, *OC-Hotonama*). Jobaed started his writing early in his life, during secondary school days in Mirzapur Cadet College. His artistic navigation through complex topics using easy-to-understand modern illustrations earned him a dedicated group of readers on various media. During his free time, which is very hard to come by, he also manages his own business. He is also a father of two gorgeous children, and husband of his most dedicated reader, who spotted his talent when both of them were studying in Dhaka University. Jobaed is also involved in various community activities.

# মানুষ

## সৈয়দা মকসুদা হালিম

খুট করে একটা শব্দ হতেই ঘুমভেঙে গেল। আমি মাথা উঁচু করে চোখ মেলে তাকালাম। সঙ্গে সঙ্গে প্রচন্ড এক আঘাতে অস্ফুট আর্তনাদ করে চোখ বন্ধ করে ফেললাম। সর্বাঙ্গ থরথর করে কাঁপছিল। কাছেই কে যেন খুকখুক করে হেসে উঠল। বললো,
"ভয় পেলি নাকি ? আরে ওটা তো বাতাস ! ওর সঙ্গে বোঝাপড়া করেই তো তোকে সারা জীবন কাটাতে হবে। ভয় কি ? নিজেকে শক্ত কর।"
আমি আবার তাকালাম। কিছুই দেখা যায় না। শুধু উপরের দিকে ছোটছোট আলো। বললাম,
"আমার যে সত্যি ভয় করছে! কিছুই তো দেখতে পাচ্ছি না।"
"পাবি কি করে? এখন তো রাত। একটু পরেই দিবাকর তার আলোর বর্শা দিয়ে অন্ধকার তাড়িয়ে দেবে। তখন দিনের আলোয় সব দেখতে পাবি।"
"দিবাকর ?"
"ওই সূর্য আর কি ! কেউ বলে রবি,আদিত্য, ভাস্কর, মার্তন্ড -আমি বলি, দিবাকর। ওই যে উপরে আকাশের যেদিক টা একটু ফর্সা দেখাচ্ছে, ওটা পূবদিক। দিবাকর ওদিক দিয়েই আসবে। ওর উল্টো দিক পশ্চিম। আর ওই যে ওদিকে আকাশে একটা উজ্জ্বল আলো দেখতে পাচ্ছিস, ওটা ধ্রুবতারা। ওদিক উত্তর আর তার উল্টো দিক হল দক্ষিণ। নিচে ধরণী, উপরে আকাশ। আকাশের তারাগুলো এখনো আলো দিচ্ছে বটে, তবে দিবাকর আসলে ওদের ছুটি, ওরা চলে যাবে। তোর কোনও ভয় নেই, শুধু নিজেকে শক্ত কর।"
আমি নিজেকে শক্ত করতে করতে মাথা উঁচু করে চারদিক দেখার চেষ্টা করছিলাম। চারদিক থেকে এত আঘাত!বললাম,"তুমি কে ? আমাকে সাহস দিচ্ছ আর শুধু শক্ত হতে বলছো?"
"আমি ? আমি তোর দিদু। তোকে পৃথিবীর সাথে পরিচয় করিয়ে দেবার দায়িত্ব তো আমার। তোর সামনে ওই যে নদী, তার ওপাশে ধানক্ষেত তারও ওপাশে জনপদ।"

আমি মাথা উঁচু করে নদী দেখার চেষ্টা করলাম। চোখের সামনে ঝিলিক দিয়ে উঠল কি যেন। দিদু বললো,"ওটাই নদীর জল। কুলকুল করে বয়ে চলেছে।" আমি আরও উঁচু হয়ে দেখতে চেষ্টা করলাম। পূব আকাশ একটু যেন ফর্সা হয়ে এসেছে। চারদিক আবছা আবছা দেখা যাচ্ছে। হঠাত্ তীক্ষ্ণ চিৎকার শুনে চমকে উঠলাম! ভয়ে নিজেকে গুটিয়ে ফেলতে চাইলাম। ফোঁপাতে ফোঁপাতে কাতর কন্ঠে ডাকলাম, "দিদু!"

"ভয় পাস না, ওটা পাখি বন্ধু, গান শোনাচ্ছে। এখন কত পাখিই গান শোনাবে! তোর বিপদের কোনও কারণ নেই। নিজেকে শক্ত কর!"

আমি কাঁপতে কাঁপতে আবার সোজা হয়ে দাঁড়ালাম। মাথা উঁচু করে আবার চারদিক দেখতে লাগলাম। সত্যি এবার বেশ দেখতে পাচ্ছি। চারদিকে কত কিছু! উপরের তারা গুলো চলে গেছে। পাশ ফিরে তাকালাম, দেখলাম আমারই মত-তবে খুব মোটা একজন একটু দূরে দাঁড়িয়ে মিটিমিটি হাসছে। বললাম, "তুমিই কি দিদু ?"

"হ্যা, তবে দিবাকরের আসার সময় হয়ে গেছে। ওই দেখ!"

আমি তাড়াতাড়ি পুবদিকে তাকালাম। বেশ সাদা হয়ে গেছে আকাশ। হঠাত্ করে আমাকে চমকে দিয়ে শতশত আলোর বর্শা ছুটে এল। দিদু বললো, দেখেছিস কত রঙ! লাল,হলুদ,বেগুনি,কমলা,নীল,সবুজ আর আসমানী। লালের প্রাধান্যটাই বেশি। এই এখনি থালার মতো মস্ত বড় দিবাকর লাল পোশাক পরে দেখা দেবে। তবে লাল বেশিক্ষণ থাকবে না,একটু পরে সোনালী হবে তারপর সাদা। ওই দেখ আলোর খেলা !"

আমি বিস্ময়ে হা করে দেখছিলাম। সত্যিই কত রঙ! কিসের যেন অজানা এক প্রত্যাশায় আমার ভিতরটা ফুলে ফুলে উঠছিল! চারদিক কত উজ্জ্বল! রঙিন বর্শা গুলো কেমন একটার সাথে আরেকটা মিশেমিশে যাচ্ছে! সবগুলো রঙ মিলেমিশে উপরের আকাশটা ছেয়ে যাচ্ছে লালে! হঠাত্ নদীর দিকে তাকিয়ে দিদু চিত্কার করে উঠল,"ওই যে -মস্ত বড় -ওই যে টকটকে লাল, ওটাই দিবাকর!"

দিবাকর ! আমি মাথা উঁচু করে দেখতে চেষ্টা করছিলাম। দিবাকর তার রঙ দিয়েদিয়ে সবকিছু রঙিন করে দিচ্ছিল। লাল রঙ সোনালী হয়ে গেল। সব কিছু ছুঁয়ে ছুঁয়ে উপরে উঠতে লাগলো দিবাকর। আমি কেমন যেন উৎকণ্ঠা আর আবেগে বিহ্বল হয়ে দাঁড়িয়ে ছিলাম। ছুঁয়ে দিল দিবাকর আমার দেহ! সঙ্গেসঙ্গে

পা থেকে মাথা পর্যন্ত কি যেন উথলে উঠল আমার ভিতরে! আমি ফিসফিসিয়ে গাঢ় কন্ঠে ডাকলাম,"দিদু !" দিদু হাসলো। বললো, "কি, তোর খিদে পেয়েছে না ? নে, হাত পাত!"
আমি দুহাত পেতে দিলাম। কি আশ্চর্য, খাবার! আমার দুহাতে খাবার! হাত পূর্ণ হয়ে যাচ্ছে! দিদু বললো,"খা। যতক্ষণ ইচ্ছে, প্রাণ ভরে খেতে থাক। যখন আর ইচ্ছে করবে না, তোর কাছে ওগুলো রেখে দিস, পরে খাবি।"
আমি খেতে লাগলাম। ইস, কত স্বাদ ! পৃথিবীটা কত সুন্দর !
আমার দিন কাটতে লাগলো মহা আনন্দে ! ইচ্ছে মতো খাই দাই আর খেলা করি। সেই সঙ্গে চলে জ্ঞানার্জন। যে পাখি বন্ধুদের গান শুনে ভয় পেতাম, এখন তাদের গান ভাল লাগে। ওদের সাথে আমিও গান গাই। বাতাস বন্ধুদের সাথে লুকোচুরি খেলি। কখনবা চলে দিনভর হুটোপুটি। দিদুর কাছ থেকে কত কিছুই না শিখছি। আমার সবচেয়ে ভাল লাগে, খেতে আর খেলতে। একদিন দিদুকে জিজ্ঞেস করলাম,
"আচ্ছা দিদু, আমি এখানে এলাম কি করে?"
"সে এক কান্ড!" দিদু বললো, "তুই এসেছিলি এক বন্ধুর কোলে চড়ে। তোর থেকে সব ময়লা পরিস্কার করে রাখলো ওই ওখানে। তখনও তুই ঘুমিয়েছিলি। আমি আর আমাদের এই আত্মীয় প্রতিবেশিরা সবাই মিলে তোকে ঢেকে দিলাম। তরপর শুরু হল বৃষ্টি। সে কি বৃষ্টি! তরপর একদিন ঘুম ভাঙল তোর, তুই এলি। আমি সঙ্গে সঙ্গে তোর মা কে খবর পাঠিয়ে দিলাম।"
"মা ! কোথায় আমার মা ? দিদু, আমি মা র কাছে যাব, মা কে দেখবো !"
"ওরে আমার গাবুয়া সোনা! মা কে তো দেখতে পাবি না। তোর মা বাবা থাকে অনেক দূরে। তবে কথা বলতে পারবি। তোর মনের যত কথা বলে দে, বাতাসের কানে কানে নিমেষে পৌছে যাবে।"
আমি ব্যাকুল হয়ে বললাম, মা, মা কোথায় তুমি ? আমি তোমাকে দেখবো, তোমার কাছে যাব!"
"না রে,মাণিক! আমার কাছে আসা যাবে না। আমরা তো চলি না। আমরা যে বৃক্ষ! তুই তোর দিদু কে দেখ, তাহলেই আমাকে দেখতে পাবি। দিদুর কাছ থেকে সবকিছু শিখে নে। আমরা ভালই আছি।"
আমি দিদুর দিকে তাকালাম। আমার মা তাহলে এমনি ! বললাম, "আচ্ছা দিদু, আমরা চলি না কেন ?"

"কারণ চলার দরকার নেই। বিধাতা আমাদেরকে এতই ক্ষমতা দিয়েছেন যে আমরা ইচ্ছে করলে ফল আর বীজ ছড়িয়ে সারা দুনিয়াটাই ঢেকে দিতে পারি। কাজেই চলার দরকার কি?বিধাতা আমাদেরকে কত কিছু দিয়েছেন। নিচে ধরণী, উপরে আকাশ আর বায়ুর বিশালতা। আরও দিয়েছেন, দিবাকরের কিরণ,জলদ আর জলধি। আমরা যে সৃষ্টিকর্তার সর্বশ্রেষ্ঠ সৃষ্টি! আমাদের জন্যই এই পৃথিবী! এর প্রতিটা জীব বেঁচে আছে আমাদের দয়ায় ! আমাদের ফুল-ফল, শাখা-পল্লব,রস-ছাল--এমনকি মূল পর্যন্ত প্রতিটা জীবের বেঁচে থাকার জন্য অপরিহার্য ! আমরা না থাকলে সমস্ত পৃথিবীটাই যে মরে যাবে! আমরাই বিধাতা্র উৎকৃষ্ট সৃষ্টি!"

"উৎকৃষ্ট কি দিদু ?"

"উৎকৃষ্ট অর্থ, সবচেয়ে ভাল।"

"আর সবচেয়ে ভালনা কি ?"

"আমরা ছাড়া সব। এই যে চারদিকে যত জীব জনতু দেখছিস--সবাই নিকৃষ্ট। তবে সবচেয়ে নিকৃষ্ট জীব হচ্ছে ,মানুষ !"

"মানুষ ? তারা কারা? তাদের তো দেখি না ."

"দেখবি । তারা থাকে ওই যে দূরে। নদীর ওপারে ওই ক্ষেতখোলা, তারও ওপাশে।তারা মাঝেমাঝে আসে, দস্যুর মতো আসে! ঘাস,লতা পাতা মাড়িয়ে ,দুমড়ে , ছিঁড়ে আসে ! তারা আসে ফুল আর ফল নিতে। একটা ফুল নিতে গিয়ে দশটা কুঁড়ি ছিড়ে ফেলে, একটা ফল পাড়তে গিয়ে গণ্ডা গণ্ডা কচিফল ছেঁড়ে,পাতা ছেঁড়ে , ডালপালা দুমড়ে মুচড়ে ভেঙে দেয়! তারা আমাদের কেটে-ছিড়ে-উপড়ে নিয়ে, আগুনে পুড়িয়ে -আমাদেরই দেওয়া খাদ্যশস্য সিদ্ধ করে খায়। তারা আমাদের দিয়ে গৃহ নির্মাণ করে, গৃহের আসবাবপত্র তৈরি করে, যানবাহন বানায় ,আবার যানবাহন চলাচলের জন্য রাস্তার উপর পেতে দেয়। অথচ আমরা তাদের কত না উপকার করি! আমরা তাদের বেঁচে থাকার জন্য অপরিহার্য অক্সিজেন সরবরাহ করি, তাদের ত্যাগ করা ক্ষতিকর কার্বন-ডাই অক্সাইড গ্যাস শুষে নিয়ে বায়ু পরিশুদ্ধ করে দিই। দিবাকরের কাছথেকে রঙ নিয়ে ফুল ফল রঙিন করি, তারা তা উপভোগ করে। আমাদের জন্যই জলদ জল ঝরায়, জলধির জল ফুরায়না, জলজীব বেঁচে থাকে। মানুষ তা ভোগ করে। অথচ একমাত্র তারাই আমাদের প্রতি কখনো কৃতজ্ঞতা জানায় না । বরং তারা ধারালো কুঠার বানিয়ে আমাদের শাখাদিয়ে হাতল বানায় আর

আমাদেরই কাটতে থাকে। তারা আমাদের শরীরে করাত ঢুকিয়ে কুঁড়ে কুঁড়ে আমাদের মারে!"

"ইস , কি নিষ্ঠুর! আমরা কি কোনও প্রতিশোধ নিতে জানি না, নাকি পারি না দিদু ?"

"না রে সোনা, প্রতিশোধ নিতে পারি, কিন্তু নেই না। অবশ্য কেউকেউ চেষ্টা করেছে। বিষাক্ত ফল,রস আর কাঁটা দিয়ে মানুষ মেরেছে। কোন কোন মানুষ খেকো গাছ, খেয়েও ফেলেছে। কিন্তু এই নোংরা কাজের জন্য তাদেরকে দুর্গম আর বিজন স্থানে নির্বাসিত হতে হয়েছে। আমরা যে শ্রেষ্ঠ আর উৎকৃষ্ট জাত ! উৎকৃষ্টদের দের আচরণ তো কখনো নিকৃষ্ট হতে পারে না !"

"মানুষ কেন এত নিকৃষ্ট হল দিদু ?"

"কারন তাদের লোভ খুব বেশি! তারা চায় ক্ষমতা আর প্রভুত্ব! প্রতিটা মানুষই পৃথিবীর সব সুখ একাই ভোগ করতে চায়! তারা মানুষ না ! মানুষ নামের অমানুষ ! তারা নিজেরাই নিজেদের মধ্যে কামড়া কামড়ি করে। যুদ্ধ করে ছোট আর দুর্বল দেশকে ধ্বংস করে। তারা জাত আর ধর্মের নামে নিজেদেরকে বিভক্ত করে একজাত আরেক জাতকে এবং এক ধর্মের লোক আরেক ধর্মের লোকের বিরুদ্ধে যুদ্ধ করে ধ্বংস করে ..."

"দাঁড়াও, দাঁড়াও দিদু, দেশ,জাত,ধর্ম --এসব কি বলছো ?কিছুই তো বুঝতে পারছি না। আমাকে বুঝিয়ে বলো !"

"ও...তা ঠিক ,বুঝবি কি করে ! সে এক বিরাট ইতিহাস ! এই যে একটা পৃথিবী --এখানে আমরা বিভিন্ন প্রজাতির বৃক্ষ মিলেমিশে থাকি, একই বিধাতার উপাসনা করি ,তারা তা করে না । মানুষরা পৃথিবীর নানা স্থান নিজের দখলে নেয়ার জন্য বর্ণ,ভাষা , আচার-আচরণ আর ধর্ম অনুযায়ী টুকরো টুকরো করে ভাগ করেছে,আর এক একটা ভাগের নাম দিয়েছে -দেশ । পৃথিবীতে বিভিন্ন বর্ণের মানুষ আছে, আছে তাদের বিভিন্ন ভাষা আর আচরণের মধ্যে পার্থক্য। এই পার্থক্যের কারণে সৃষ্টিকর্তার উপাসনাও তারা বিভিন্ন ভাবে করে। ফলে বিভিন্ন ধর্মের উদ্ভব হয়েছে।"

"সে কি দিদু ! ধর্ম আবার বিভিন্ন হয় কি ভাবে ? সৃষ্টিকর্তা বিধাতা যে একজনই !"

"হ্যা ,প্রতি ধর্মই সৃষ্টিকর্তার একত্বতে বিশ্বাসী। কিন্তু তাদের জীবনাচরণের সাথে মিশে যায় -এভাবে উপাসনা করে। কেউ কর্ম দিয়ে,কেউ ভক্তি আর ভালোবাসা

দিয়ে, কেউবা বিধাতাকে অনুসন্ধান করে জ্ঞানের আলোয়। ভাষা অনুযায়ী তাঁকে নানান শব্দ দিয়ে ডাকে। এই উপাসনার পদ্ধতি আর সম্বোধনের বিভিন্নতার কারণেই বিভিন্ন ধর্মের উদ্ভব হয়েছে। অথচ দেখ, তারা কিন্তু সবাই একই প্রভুর উপাসনা করে । প্রভুকে ভিন্নভিন্ন নামে ডাকলেই কি তিনি ভিন্ন হয়ে যান ? আমাদেরও তো কত নাম, বৃক্ষ,গাছ,তরু,বিটপি --আমরা তো আলাদা হয়ে যাই নি। আর সৃষ্টিকর্তার ডাকে তাঁর দিকে চলার পথও একটাই হবে,তা কেন ?এই যে কেউ যদি আমার কাছে আসতে চায় তাহলে সবাইকে একই রাস্তা দিয়ে আসতে হবে ,এমন কোনও কথা নেই । আমার চারপাশের ,দশদিকের যেকোনো রাস্তা দিয়েও আসতে পারে। পথ যেটাই হোকনা কেন মূলস্থানে এসে পৌছানোটাই হল আসল। অথচ মানুষ নিজে যে পথে চলে ,সেটাকেই একমাত্র সঠিক ভাবে, অন্য গুলো ভুল। তার পথে যারা চলে তারা সবাই স্বধর্মী আর অন্য সবাই বিধর্মী। আর প্রত্যেক ধর্মের মানুষই বিধর্মীদেরকে ঘৃণার চোখে দেখে। কিছু কিছু সুবিধাবাদী মানুষ এই ঘৃনাকে উস্কে দেওয়ার ইন্ধন জোগায়। ধর্মীয় অনুভূতিতে আঘাত করে সাম্প্রদায়িকতার বিষ ছড়ায়। ফলে সারা পৃথিবীতে আজ ধর্মের নামে মারামারি ..হানাহানি!"

আহা রে ! মানুষ কেন এত খারাপ ! আমার খুব আফসোস হয়। ভাগ্যিস মানুষ হয়ে জন্মাইনি। বিধাতার শ্রেষ্ঠ সৃষ্টি বৃক্ষ হয়ে জন্মাতে পেরে আমি ধন্য! ধীরে ধীরে আমি হাত বাড়িয়ে বাড়িয়ে বড় হতে লাগলাম। আমার গায়ের রঙ গাঢ় হতে লাগলো। চকচকে সুন্দর শরীর নিয়ে বাতাস বন্ধুদের সাথে গলাগলি করে হাসি,পাখি বন্ধুদের সাথে সুর মিলিয়ে নাচি,গাই । সারা শরীরে আমার পুলক!

একদিন এল দস্যু, মানুষ !তারা চারদিক দলে মলে অবশেষে দিদুর সামনে এসে বললো ,"এই বুড়ো গাব গাছটা রাখার দরকার কি ?এইটা কেটে ফেল। এই গাছের বিরাট গুড়ি দিয়ে ভাল নৌকা হবে। তাছাড়া আরেকটা ছোট গাছতো রয়েছেই।"তারা কুঠার নামের সেই যন্ত্রটা দিয়ে কুপিয়ে কুপিয়ে দিদুকে কেটে ফেলল তারপর করাত নামের অস্ত্র শরীরে ঢুকিয়ে কুঁড়ে কুঁড়ে তক্তা বানাল, তারপর ডালপালা,তক্তা সব গুছিয়ে নিয়ে আশপাশ লণ্ডভন্ড করে দিয়ে চলে গেল। আমি শোকে দু:খে কেঁদেকেঁদে দিন পার করতে লাগলাম। অবশেষে মা আমাকে সান্ত্বনা দিয়ে বোঝাল, দিদু বুড়ো হয়ে গিয়েছিল,এমনিতেই একদিন মরে যেত। তখন তার দেহ পচে যেত, পোকায়

ধরতো। তার চেয়ে এই ই তো ভাল, দিদু ভাল কাজে ব্যবহৃত হবে। তা অবশ্য ঠিক । আমি আস্তে আস্তে শোক সামলে নিলাম।
আমাদের এই নির্জন বনে মাঝে মাঝেই হামলা চালায় অমানুষের দল। নানান পোশাক পরে তারা আসে।তারা নাকি কেউ পুরুষ, কেউ নারী। এই অমানুষের দল বনটিকে তছনছ করতে আসে। ফুল নেয় ,ফল নেয়, পাতা আর লাকড়ি কুড়ায়। পাখির বাসা ভাংগে, ডিম নিয়ে যায় , পাখি মারে, ডাল ভাংগে, গাছ উপড়ায় -কী ভয়াবহ!
কথাবার্তা আমার সবার সাথেই হয়। তবে মা র সাথেই বেশি। একদিন মা কে জিজ্ঞেস করলাম,
"আচ্ছা মা, আমরা বৃক্ষরা কি শুধুই নারী ? পুরুষ বৃক্ষ নাই ?মানুষরা তো দেখি নারীর সাথে সাথে পুরুষও আছে।"
মা বললো,"আমরা একই সাথে নারী আর পুরুষ। প্রতিটা জীবকেই সৃষ্টিকর্তা নারী-পুরুষ উভয় বৈশিষ্ট্য দিয়ে সৃষ্টি করেছেন। বৈশিষ্ট্যের তারতম্য অনুযায়ী চেহারা হয় আলাদা। আমাদের এক দেহের মধ্যে উভয় বৈশিষ্ট্য সমান। মানুষের মধ্যেও মাঝেমাঝে দেখা যায় ,কোনও নারী হঠাত্ পুরুষ হয়ে গেল ,আমার কোনও পুরুষ ক্রমে নারী। সৃষ্টির স্বার্থেই মানুষের নারী পুরুষের মিলন হওয়া দরকার। তবে এমন একদিন আসবে যখন সন্তান জন্মদানের জন্য নারীদের অন্যকোনও পুরুষ প্রয়োজন হবে না। নিজের ভিতরকার পুরুষ সত্তার সঙ্গে নারী সত্তার মিলন ঘটিয়ে ,নারী একাই সন্তানের জন্ম দেবে। পুরুষ ছাড়া নারীর সন্তান লাভ ....হুম্ম---মানুষের মধ্যে এমন নজির নাই ..যে ..তা ,না। তবে এখনো পর্যন্ত মানুষের জ্ঞান ও বিজ্ঞান এতটা উন্নত হয় নি, যাতে ব্যাপারটা তারা মেনে নেবে। এই ব্যাপারটাকে তারা ঐশ্বরিক ,অলৌকিক ..ব্যাখ্যা দিয়ে সন্তুষ্ট থাকে। তবে মানতে হবেই! এমন একদিন আসবে ,যখন পৃথিবীতে একটাও পুরুষ থাকবে না। থাকার প্রয়োজনও হবে না। পৃথিবীর বিভিন্ন ধর্ম গ্রন্থেও তো নারীর প্রাধান্য বর্ণনা করা হয়েছে। কোথাও বলছে, মায়ের পদতলে সন্তানের স্বর্গ! অর্থাত্ মা সন্তুষ্ট থাকলেই -মুক্তি! কিয়ামতের দিন সবাই মায়ের পরিচয়েই পরিচিত হবে অথচ সেই সময়ে মানুষের কোনও বিষয়ই কারও অগোচর থাকবে না পিতৃ পরিচয়ে পুনর্জাগরণ কোনও সমস্যা হওয়ার কথা না। আবার কোনও কাহিনীতে দেখা যায় , স্বর্গ অসুরদের দখলে।

এত এত দেবতাদের শক্তি-কোনই কাজে আসছে না। অবশেষে প্রয়োজন হয়েছে, দেবী দুর্গার ! তাদের আদ্যাশক্তি মহামায়াও নারী, জগজ্জননী নারী ! নারীকে যে বিধাতা অসীম শক্তির আধার করে সৃষ্টি করেছেন,এটা পুরুষেরা বহু আগেই বুঝতে পেরেছিল। পুরুষের ছিল ধুরন্ধর বুদ্ধি আর গায়ের জোর! নিজেদের অস্তিত্ব রক্ষার স্বার্থেই তারা নারীকে বশীভূত করার উপায় অনুসন্ধান করেছে। অবশেষে বুঝতে পেরেছে, বেঁচে থাকার প্রধান যে রসদ ,তা হল খাদ্য । এই খাদ্য উপার্জনের অধিকার নারীদের কাছ থেকে ছিনিয়ে নিলেই একমাত্র নারী পুরুষের অধীনতা মেনে নেবে। তারা কৌশলে নারীদের বোঝাল, খাদ্য উপার্জন ,আমরাই করে দেব। তোমরা শুধু বসেবসে খাবে আর ভালোবাসা দেবে। সরল আর কোমলমতি নারী পুরুষের এই ষড়যন্ত্র বুঝতে পারেনি। কেন আর খাদ্যের জন্য এত কস্ট করা ! তারা পুরুষের এই ফাঁদে পা দিয়ে নিজেদের পায়ে নিজেরা কুঠারাঘাত ক'রে পঙ্গু জীবন বেছে নেয় আর পুরুষের অধীনস্ত হয়ে যায়। তবে সবদিন একরকম যায় না। নারী জাতি একদিন না একদিন তাদের ভিতরের বিপুল শক্তির নাগাল পাবেই! কারন প্রকৃতির সর্বত্রই তো নারী সত্তার জয় জয়াকার , পুরুষের নয়।"

আমি বেশ বড় হয়ে উঠলাম। বাইরের চপলতা কিছুটা প্রশমিত হল বটে কিন্তু মনেমনে কিসের যেন আকুলতা, হাহাকার ! অবশেষে একদিন কি যেন ঘটে গেলো ! প্রচন্ড বেদনা আর আনন্দের কি এক বিস্ফোরণ ঘটে গেলো আমার মধ্যে ! আমি বিস্ময়ে ,আবেগে অভিভূত হয়ে ডাকলাম, "মা !"

মা বললো ,"ওরে সোনা, পুষ্প মঞ্জরী জন্ম নিয়েছে তোর বুকে, তুই যে মা হবি!"

মা ! আমি হতবাক হয়ে নিজের দিকে তাকালাম । তা ই তো ! আমার কচকচি দু বাহুর মাঝখানে কুসুম মঞ্জরী! আনন্দে আমার বাকরোধ হয়ে গেলো !পরম আদরে মঞ্জরীগুলিকে কচি পাতার আড়ালে আগলে রাখলাম ! কয়েকটা উপরের শাখায়, কয়েকটা নিচের দিকে। এরপর একটু একটু করে কুসুম কলির আকার নিল তারা । তারপর একদিন বিকশিত হয়ে ফুটে উঠল ! কত অলি, ভ্রমর বাতাসের বুকে দোল খেয়ে ঝাঁপিয়ে পড়ল ফুলের বুকে ! চুম্বনে , আলিঙ্গনে মধুপান করে গেলো ! কি আনন্দ !কি আনন্দ ! ফুলের পাপড়ির মাঝখানে জন্ম নিল ফল ! আমার শরীরের অংশ , প্রথম ফল ! ফলগুলি ধীরেধীরে বড় হয়ে উঠল। কি নধর তাদের গড়ন ! পুস্ট হল, গায়ে রঙ ধরল । আহা রে আমার সোনা ফল !এদের আমি কার হাতে সমর্পণ করব ! বিধাতার

কাছে প্রার্থনা করলাম, আমার এই প্রাণের ধনদের যেন অপাত্রে দান না করতে হয় !
অবশেষে একদিন সে এলো , এদিক ওদিক চাইতে চাইতে , সন্তর্পণে ! এক অমানুষের বাচ্চা! আমি আতঙ্কে শিউরে উঠলাম ! ফলগুলির জন্য যতটা না ,তার চেয়েও বেশি --আমার ডালের ফাঁকে একটা বুলবুলি বাসা বেঁধেছে ,সেখানে সে তার ছানাগুলিকে ডানা দিয়ে আগলে রেখেছে ,তাদের জন্য ! আমার ভয় হল ,নিশ্চয় এই অমানুষের বাচ্চাটা ছানা গুলোকে কেড়ে নিতে এসেছে ! এইতো কিছু দিন আগেই ওই বড় গাছটায় একটা ঘু ঘু বাসা বেঁধে ডিম পেরেছিল । মা ঘুঘুটা মাত্র খাবার জন্য বাসা থেকে উঠে একটা ডালে গিয়ে বসেছে,এমন সময় এক অমানুষের বাচ্চা বনে এসে গুলতি দিয়ে পাখিটাকে মেরে ফেলল ,তারপর গাছে উঠে ঘুঘুর ডিম গুলি নিয়ে পকেটে ভরলো ,আবার হাচড়ে পাচড়ে গাছ থেকে নেমে মরা ঘুঘুটাকে তুলে নিয়ে চলে গেলো । আমরা সব বৃক্ষরা মিলে কত কাঁদলাম । অমানুষের বাচ্চাটাকে অভিশাপ দিলাম ! আজ আবার আরেকজন এসেছে ! ভীরু ভীরু চোখে এদিক ওদিক চাইছে! একা একা বনে এসে মনে হয় ভয় পেয়েছে ! যা -না -,চলে যা- না ! আমার দিকে চোখ পড়তেই তার চোখ দুটো চকচক করে উঠল ! নিচু ডালের একটা ফল ধরার জন্য হাত বাড়াল। লাফ দিল। আমি শক্ত করে ফলটি ধরে রাখলাম। বাতাসবন্ধুকে বললাম,"খবরদার , সে যেন ফলের নাগাল না পায়! আমাকে নিচের দিক থেকে ঠেলে দাও!"অমানুষের বাচ্চাটা আবার লাফ দিতেই ,বাতাস বন্ধুর ঠেলা খেয়েই আমি ঝাঁকি দিয়ে ডালটা উচুতে তুলতে গেলাম আর তখনই সর্বনাশটি ঘটে গেলো ! ঝাঁকি লেগে অপরিসর বাসা থেকে একটা ছানা নিচে পড়ে গেলো! মা পাখিটা আর্তনাদ করে উঠল,সেই সঙ্গে আমরাও! হায়রে হায় !এখনি তো অমানুষের বাচ্চাটা ছানাটা নিতে আসবে ! হ্যা , তাই হল ! সে এসে হাত বাড়িয়ে ছানাটা তুলে নিল তারপর মুখ তুলে বাসাটার দিকে তাকাল। এখনি সে গাছের কাছে আসবে,আর গাছে উঠে বাসাথেকে ছানা গুলিকে নিয়ে যাবে ,বাসাটা ভাঙ্গবে ! অমানুষের বাচ্চাটা ছানা হাতে আমার দিকে এগিয়ে এলো। ছোট ছোট ডাল পালা খামচে ধরে গাছে উঠতে শুরু করল ! আমি চোখ বন্ধ করে চিৎকার করতে লাগলাম,"ওরে শয়তান , অমানুষের বাচ্চা , তুই নিপাত যা ,নিপাত যা ! আশেপাশের সব গাছই চিৎকার করে ধিক্কার দিচ্ছিল ! হঠাৎ করে চারদিক

নিশ্চুপ হয়ে গেলো। আমার চিৎকার, আমার কানেই বিকট হয়ে বাজল ! ব্যাপারটা কি ? আমি চিৎকার করতে করতেই চোখ মেলে তাকালাম। কিন্তু ,একি দেখছি !অমানুষের বাচ্চাটা বুলবুলির ছানাটিকে বাসার মধ্যে নামিয়ে দিয়ে হাসিহাসি মুখে তাকিয়ে আছে !তারপর ঠোঁট সরু করে ছানা গুলিকে আদর জানালো ! এবং আস্তে আস্তে গাছ থেকে নেমে গেলো! "ওরে ও অমানুষের বাচ্চা --না না মানুষের বাচ্চা ! তুই এ কি করলি ? তাহলে কি তুই মানুষ ! তুই আমাদের এত দিনের ধ্যান ধারনা ভেঙে দিয়ে, মানুষ হয়ে গেলি ! তোকে যে ভালবাসতে ইচ্ছে করছে রে সোনা ছেলে ! কি দিয়ে তোকে ভালবাসা জানাই !" আমি আমার উপরের ডাল থেকে লাল ফলটা ফেলে দিলাম। ছেলেটা খুশি হয়ে দৌড়ে গিয়ে কুড়িয়ে নিল । নিচু ডালের ফলটিও নেওয়ার জন্য লাফ দিল। বাতাস বন্ধুকে বললাম, "ওই মানুষের বাচ্চাটা যখন লাফ দেবে, আমাকে একটু নিচে নামিয়ে দিও । এইবার সে ফলটি ধরতে পারল । ছিঁড়ে নিয়ে হাসলো , আমিও হাসলাম ! সে এদিক ওদিক দেখছিল । জামগাছ শুকনো পাতার উপর কয়েকটা পাকা জাম ফেলে দিলো । বাতাস বন্ধু ভালই ধাক্কা দিচ্ছিল । সে দৌড়ে গিয়ে জামগুলো তুলে নিল । খুশিতে তার চোখ দুটো চকচক করছিল । একটা জাম একটু মুছে নিয়ে মুখে পুরে দিলো । আম গাছ তার সবচেয়ে পাকা আমটি ফেলে দিলো । এদিক ওদিক খুজতে খুঁজতে সে আমটা দেখতে পেয়ে তুলে নিল । তারপর ভয়ে ভয়ে চারদিক দেখে নিয়ে বন থেকে চলে গেলো ।

"তুমি আবার এসো--ও গো মানুষ ! তুমি আবার এসো !" আমরা সমস্বরে চিৎকার করে বললাম,"তুমি তো অমানুষ না ! তুমি তো মানুষ ! তুমি মানুষ !"

# আবর্তন

## সুমন সরদার

বৈকল্য জঠরে যখন আমার পুনর্জন্ম হলো
তখন থেকেই বেত্রবতী মা আমার—
শাসন-বারণ ছেড়েছুঁড়ে শান্তিপর্বে ধীরস্থির
—মহাপ্রতীক্ষার রণনীতি প্রতিজ্ঞায়।
এই মুখে মা তাঁর পিতার মুখখানা দেখে দেখে
চমকে চমকে ওঠে
একটি পাখির চোখে পাপহীন অন্য পাখি দেখে

কোটি কোটি বছরের ভালবাসা-উত্তাপে যাপিত
এ জীবন সততই আবর্তন নিয়মের দাস
চেনাপথে কখনও বা দূরচেনা, কখনও অচেনা
ছায়া ছায়া অস্তিত্বের শিশুপুত্র লাশ হলেও কখনও
ইতিগুলো মুখ থুবড়ে থাকতে পারে না।

একদিন এই আমি ছিলাম আমার মাতামহ
এমন ইতিহাসের মানবিক সিঁড়ি বেয়ে বহুজনমের মা আমার
বৈচিত্র্যপথের দূরহারা গন্তব্যের যাত্রী হলো
শান্তিপর্ব উড়ে গেলো চৈতালী হাওয়ায়
স্বাধীনতা বুকে নিয়ে ...
আবার হয়তো দেখা হবে ...

---

[*author*: সুমন সরদার বাংলাদেশের নব্বই দশকের অন্যতম কবি। পিতা সরদার আবদুর রহিম এবং মাতা হাসিনা রহিম-এর দ্বিতীয় সন্তান তিনি। কোনো কোনো কাব্যকর্মী অত্যল্প সময়ের মধ্যেই নিজের প্রতিভার স্ফূরণ ঘটাতে সক্ষম। কবি সুমন সরদারও তাঁর

কাব্যকর্মে এই প্রকাশ ঘটানোর কর্মটি তেমতন ভাবে করতে সক্ষম হয়েছেন। এরকমের বিকাশ আমার নিজেকেই ঈর্শ্বান্বিত করে।

-শামসুল ইসলাম

কবিতাকে শিল্প করে তুলবার সাধনায় মগ্ন সুমন সরদার তাঁর কবিতায় নির্মাণ করেন দৃশ্যগ্রাহ্য এমন এক রূপকল্প যা পরিণামদর্শী এবং নিয়তি-নিয়ন্ত্রিত যেন।

-নীলাঞ্জন চট্টোপাধ্যায়

সুমন সরদার প্রকাশিত হয়েছেন চারটি কাব্যগ্রন্থে। প্রতি বই-ই উত্তরণের ধাপে ধাপে এগিয়ে গেছে। কাব্যচর্চা করার আগে ছাত্রাবস্থা থেকে করেছেন বাম রাজনীতি। সত্তর ও আশির দশকের উত্তাল সময়ে রাজনীতিতে মেতেছিলেন ফুটবলের স্ট্রাইকারের মতো উত্তেজনায়। যার প্রচ্ছন্ন ছাপ ও ইঙ্গিত তাঁর কবিতায় পাওয়া যায়। এই সময়ের কবিতা ভিড়ে তা আলাদা স্বাদ, রূপ, রস ও রঙে পাঠককে অভিভূত করে।

সুমন সরদারের কবিতা শিকড়সন্ধানী, আত্মজিজ্ঞাসাধর্মী, প্রতীকী, রহস্যভেদী, ছন্দের বুননে আঁটোসাঁটো। সাম্প্রতিককালে তাঁর কবিতা আরো ঋজু, আরো গূঢ় রহস্যময় ও সূক্ষ্মাতিসূক্ষ্ম চিন্তার বহুজালে জড়ানো এবং প্রতীক, উপমা ও চিত্রকল্প সৌন্দর্যের ফোয়ারায় জাদুকরী আতশবাজি মনে হয়।

-সৈয়দ হায়দার

সুমন নিষ্ঠাবান কবি, পরিশ্রমীও। নিরন্তর কবিতার ছন্দ, ভাষা আর নির্মাণ কৌশল নিয়ে তিনি ভাবেন। সেই ভাবনার পরিচয় ব্যক্তিগত সম্পর্কের কারণে যেমন পেয়েছি, তেমনি তাঁকে যাঁরা ব্যক্তিগতভাবে চেনেন না, তাঁর কবিতা পড়েন, তাঁরাও লক্ষ্য করে থাকবেন সুমনের কবিতায় নির্মিতির একটা ব্যাপার সবসময়ই ছিল এবং তা এখনও অব্যাহত।

# আটপৌরে ভালোবাসা

## নিয়াজ তামান্না কান্তা

তোমার আমার সম্পর্ক যেন
আটপৌরে কাপড়খানি....ঔজ্জ্বল্যহীন।
কিংবা মেঘলা আকাশ, ধূসর দিন।
মুক্ত বিহঙ্গ মেলে না পাখনা সেথায়,
ফেরারী হয় না কোন দুর অজানায়।

মন পাখি বন্দী এ কোন খাঁচায়!
দ্বার খোলা তবু পাখি উড়িবার না চায়।
মিছে দুটি ডানা তার।
বয়ে বেড়ায় তার ভার।

হিসেবের খাতা রেখেছি তুলে সেই কবে
এত হিসাব করে বলো কি হবে!
চাল ডালের হিসাবের মাঝে
ভালোবাসার হিসাব যেন বড় কানে বাজে!

যাচ্ছে এভাবে কেটে আটপৌরে জীবন।
নাই বা ভরুক তাতে ষোলআনা মন।
জীবন ছুটে চলে সময় স্রোতে।
খড়কুটো ইচ্ছেগুলো ভেসে যায় তাতে।

# অনির্বান যুদ্ধ

**নিয়াজ তামান্না কান্তা**

মা ভাত দে ক্ষুধা লাগছে' ভেজা লুঙ্গিটা উঠানে টানানো দড়িতে ঝুলাতে ঝুলাতে বলে শিমুল। গায়ে এখনও গোসলের পানি টপ টপ করে পড়ছে। উঠোনের একপাশে খোলা রান্নাঘর। আর একটু সবুর কর, ভাত ঠিকা দিছি' ভাতের পাতিল পইতনাতে ( গ্রামে ব্যবহৃত হয় ভাতের মাড় ঝড়ানোর জন্য)বসাতে বসাতে বলে সফুরা বিবি। রান্নাঘর থেকে পুরো উঠোন দেখা যায়। ছেলের দিকে তাকিয়ে দেখে ভেজা মাথার পানি পড়ে গা ভিজে যাচ্ছে। 'বাজান মাথাডা ভালো করে মুছ, ঠান্ডা লাগত'।

সফুরা বিবি আর তার স্বামী সামছু মিয়া ছোট খাট , গায়ের রং কালোর দিকে। পোলাডা দিনকে দিন খালি লম্বা হচ্ছে। গায়ের রংও ফর্সার দিকে। পাঠানদের মত গায়ের গড়ন। সেই দিকে তাকিয়ে সফুরা বিবির বুকটা ছ্যাত করে উঠে। ফিরে যায় চৌদ্দটা বছর আগে...

কারো কাছে মুক্তিযুদ্ধ, কারো কাছে গন্ডগোল, সফুরা বিবির কাছে তার সারা শরীরে কীটের পরিভ্রমণ । চোখের সামনে মা বাবার নৃশংস মৃত্যু। প্রতিদিন নর্দমার চেয়েও নোংরায় তলিয়ে যাওয়া। তারপর সব অন্ধকার! বোধহীন জড় দেহ। তবুও চলে তাতে কীটের পালাবদল। দিনকে দিন জড় শরীর ভারী হয়....সময় যেন তার চেয়েও ভারী।

অন্ধকারে বন্ধ প্রায় চোখে হঠাৎ আলোর ঝলকানি এসে পড়ে। তব্ধ হয়ে যাওয়া কানে যেন দুর হতে ভেসে আসে বিজয়ের গান। শ্বাপদের থাবা নয়...পরম নির্ভরতার দুটি হাত তাকে কোলে তুলে নেয়। বহুদিনের কাঙ্ক্ষিত ঘুম নেমে আসে দুচোখে। চোখ দুটি বন্ধ হওয়ার আগে চারদিকে যেটুকু দেখতে পায়....দেখে চারদিকে শিমুলের শাখাগুলো লালে লাল। কন্টাকাকীর্ণ সময় শেষে এলো বিজয়ের লাল নিশান।

যুদ্ধ শেষ হয় , ধংসস্তুপ রয়ে যায়। তার জীবনের নোংরা গুলো সরাতে সামছু মিয়া ফেরেস্তার মত এলো। সফুরা বিবির পেটের মধ্যে যে যুদ্ধের চিহ্ন বড় হচ্ছে তাকেও গ্রহন করল নির্দ্বিধায় । আজ শিমুল তাদের কাছে তাদের সন্তান....স্বাধীনতার জন্য বিসর্জিত জীবন ও রক্তের চিহ্ন।

'মা কি দিয়া ভাত খামু? একটা মরিচ পুইরা দিবা!' ছেলের কথায় বর্তমানে ফেরে সফুরা বিবি।

'কাইলকার বাসি তরকারী আছে। একটা ডিম ভাইজ্যা দিমু?'

'না। লাগত না।' শিমুল তাড়া দেয়। 'বাইরে যামু। কাম আছে।'

সফুরা বিবি ভাত বাড়তে বাড়তে মাথায় রাজ্যের চিন্তার ঝড় তোলে। পোলাডা রমিজ রাজাকারের বখাটে পোলার খপ্পরে পড়েছে। তবে কি রক্তই কথা বলতে শুরু করেছে! সে আর সামছু মিয়া তিলতিল করে এ সন্তানকে বড় করেছে। এই বাংলার আলো বাতাস তার শরীরের প্রকোষ্ঠে প্রকোষ্ঠে খেলা করেছে। তবে কি এতদিনের সব প্রচেষ্টা বৃথা
যাবে! সফুরা বিবির শরীরে একফোঁটা রক্ত থাকতে তা হতে দিবে না। লাল শিমুলে পড়তে দিবে না একটুও কালো ছায়া।

সফুরা বিবি মনে মনে প্রস্তুত হয় আর একটি যুদ্ধের.....যে যুদ্ধে তাকে জিততেই হবে.....





# এই সংখ্যার পৃষ্ঠপোষক

## Our Sponsors

# S M HUSSAIN & CO

International Acountants

For part tax & chartered accountancy needs

Office: 67 West Road Newcastle upon Tyne, NE4 9PX

Phone: 0191-272 5178 Fax: 0191-273 4121

Open Mon-Sat from 9:30 - 17:30




# HAQUE AND HAUSMANN SOLICITORS

Solicitors and Commissioners for Oath

The Law Society Accredited

First Floor, 149 Beaconsfield Street, Newcastle, NE4 5JQ

Tel: 0191 272 5197 Fax: 0191 272 0317

Open Mon-Fri 9:30 - 17:30

Email: mail@haqueandhausmann.co.uk

Online: www.haqueandhausmann.co.uk

Haque & Hausmann

Solicitors and Commissioners for Oath

## SNOB Clothing







**19 Nuns Moor Rd, Newcastle upon Tyne NE4 9AU**

https://www.facebook.com/snobclothing/

@snobclothing

**Phone: 0191 447 8832**

Come have a browse in the luxurious surroundings of Newcastle's premier boutique. Not sure what to try? Then ask one of our fashion savvy team members to give you our personalised shopping experience!

# PRITI






**47 Hadrian Road**

**NE4 9HN Newcastle upon Tyne**

https://www.facebook.com/pritiethnicclothes/

**Phone: 0191 272 0075**

An icon of women's latest fashion. We offer wide variety of Asian clothes for women & children. We have the latest stock in all kinds of fashion such as Salwar Kameez, sari's etc.

## KIMMS Fashion



11 Nuns Moor Road, Newcastle upon Tyne Phone: 0191 273 7049
We are a family run business on Nunsmoor Road. Our focus is to provide the most up to date clothing from India and Pakistan.

# METRONEWS

Grocers
25 King Street South Shields
Tyne And Wear NE33 1DA • T: 0191 454 0902
Open Mon-Fri 9:30 - 17:30





# বন্ধু সংস্থা
# Our Friend Organisations

## BORNOMALA BANGLA SCHOOL

## বর্ণমালা বাংলা স্কুল




A Bangla language weekend school aimed for teaching Bangla language up to GCSE level. The school also celebrates various programmes of Bangla heritage significance.

Address: Newcastle Bangladesh Association
246-248 Elswick Road_NE4 6SN Newcastle upon Tyne

## Newcastle Bangladesh Association

We are an association of local Bangladeshi families; we have dedicated venues for holding programmes of various cultural significance.

Address: Newcastle Bangladesh Association
246-248 Elswick Road NE4 6SN Newcastle upon Tyne

## Bangladesh Overseas Ladies' Organisation (BOLO)

**BOLO**

**Bangladesh Overseas Ladies Organisation**
**Charity no.1077785**




### Who are we

A group of women from different walk of life working for the community

### What we do

- **Support Educational & medical care overseas**
- **Health Awareness**
- **Help cancer research**
- **Promote Cultural Activities**
- **Relieve Poverty Overseas**
- **Raise Funds £ £ £**











**For more information :-**
**ZarinaAnam07836368266/**
**Shirin Hussain 07742796220**

It's nice to see a new kid on the block. On behalf of BOLO, I welcome your organisation. I wish you all the success to years to come to fulfil your objectives. Have fun and celebrate the various events with friends. Thanking you for the friendship .

Yours sincerely,

*Dr.Zarina Anam* Chairperson of BOLO

# First Step

## First Step is a multi-racial project for women, young people and children.

Our activities include:-

**A wide range of learning opportunities**

**English—reading , writing , speaking**

**A wide range of volunteering opportunities**

**Family learning activities**

**Advice and guidance**

**Placement opportunities in teaching and crèche work**

**Arts based activities**

First Step
435 Westgate
Newcastle upon Tyne
NE4 8RN
Tel: 0191 2261213
Fax: 0191 2731997
admin@firststepne.org.uk
www.facebook.com/firststepne
Registered Charity No. 1003569

# Credits

**Magazine:**

| | |
|---|---|
| *Cover design* | Tarique Hossain: www.thossainphotography.com |
| *Article Collection* | Rishad Shafik and Kazi Latifa |
| *Editing* | Rishad Shafik, Sonia Ahmed and Kazi Shahadat |
| *Sponsor Liaison* | Kazi Latifa, Shirin Hussain and Kazi Shahadat |
| *Print* | Rishad Shafik |

**Eid Extravaganza:**

| | |
|---|---|
| Ticket and Invitations | Shirin Hussain, Lipi Noor and Kazi Latifa |
| Event organisation | Rishad Shafik and Tarique Hossain |
| Catering | Lata Kazi and Shirin Hussain |
| Stage Decoration | Afsana Anwar and Lata Kazi |

## Contribute Articles for UTSAB Magazine

UTSAB aims to continue publishing your articles in the future. If you and/or your kids are interested, please contribute; write poems/poetries/stories, recipes, collate your experiences, blog about your travels, express your opinions or even recapitulate your fond memories. Send your articles to ras06r@zepler.org.

**DETAILS:**

A. LANGUAGE: Bengali (preferred) or English

B. MAXIMUM SUBMISSIONS: as many as you can.

C. MAXIMUM LENGTH: up to 5 pages per article.

D. SUBMISSION FORMAT: typeset in a Microsoft Word Document, with the authors' name/details and photo (if possible).

E. HOW TO SUBMIT: by e-mail to ras06r@zepler.org.

F. WHO CAN SUBMIT: anyone, any age, any gender, any religion.

G. WHO WILL SEE THE MAGAZINE: paper copies will be circulated among local families; the articles will also be available online on our website: www.utsab.uk.


BIG LOTTERY FUND
NATIONAL LOTTERY FUNDED
utsab
উৎসব
NORTH EAST
BANGLADESHI FAMILIES